# ত্রৈমাসিক মানবাধিকার প্রতিবেদন

**জুলাই-সেপ্টেম্বর ২০২৫**

**প্রকাশক: অধিকার**

প্রকাশকাল: ৩০ অক্টোবর ২০২৫

## মুখবন্ধ

১৯৯৪ সালে প্রতিষ্ঠিত হবার পর থেকে একটি মানবাধিকার সংগঠন হিসেবে *অধিকার* রাষ্ট্র কর্তৃক সংঘটিত মানবাধিকার লঙ্ঘনের ঘটনাগুলো সব সময় তুলে ধরেছে। *অধিকার* ২০২৫ সালের জুলাই-সেপ্টেম্বরের প্রতিবেদন যখন প্রকাশ করছে, তখন গণঅভ্যুত্থানের মধ্যে দিয়ে সাড়ে ১৫ বছরের কর্তৃত্ববাদী সরকারের পতনের মাধ্যমে গঠিত অন্তর্বর্তীকালীন সরকার ১৩ মাস অতিক্রম করেছে। এই সময়েও অনেক মানবাধিকার লঙ্ঘনের ঘটনা ঘটেছে। মানবাধিকার লঙ্ঘনের ঘটনাগুলো তিন মাসের এই প্রতিবেদনে তুলে ধরা হয়েছে এবং এগুলো পর্যালোচনা করে রাষ্ট্রকে মানবাধিকার লঙ্ঘন না করার ব্যাপারে সতর্ক করা হচ্ছে।

২০২৪ সালের ৫ অগাস্টে ছাত্র-জনতার অভ্যুত্থানে ক্ষমতাচ্যুত, ব্যাপক মানবাধিকার লঙ্ঘনকারী কর্তৃত্ববাদী শাসক শেখ হাসিনা ভারতে পালিয়ে যায়। পরবর্তীতে ২০২৪ সালের ৮ অগাস্টে গঠিত অন্তর্বর্তীকালীন সরকার কর্তক তার দল আওয়ামী লীগের কর্মকাণ্ড নিষিদ্ধ হয়। ভারতে বসে শেখ হাসিনা এবং আওয়ামী লীগের নেতা-কর্মীরা ভারতীয় শাসক গোষ্ঠীর সমর্থনপুষ্ট হয়ে দেশকে অস্থিতিশীল  করার জন্য নানা ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে। ফলে দেশে বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ড বৃদ্ধি পেয়েছে বলে ধারণা করা হচ্ছে।

বিগত কর্তৃত্ববাদী সরকার ২০১৬ সালে বেসরকারি সংস্থা (এনজিও)'র ওপর নিয়ন্ত্রণ আরোপের জন্য বৈদেশিক অনুদান (স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন আইন পাশ করে। এই আইনের ১৪ ও ১৫ ধারায় কোন এনজিও বা এনজিওর কর্মকর্তা সংবিধান বা সাংবিধানিক প্রতিষ্ঠান নিয়ে বিরূপ বা অশোভন কোন মন্তব্য করলে তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের বিধান রাখা হয়েছে। এই আইন অনুযায়ী, সংসদ, বিচার বিভাগ, আইন কমিশন, নির্বাচন কমিশন ও এ্যাটর্নি জেনারেল সম্পর্কে কোন বিরূপ বা অশোভন মন্তব্য করা হয়েছে মর্মে সরকারের কাছে প্রতীয়মান হলে এনজিও'র নিবন্ধন বাতিল বা স্থগিত করা যাবে।[১] বেসরকারী সংস্থাগুলো, বিশেষ করে মানবাধিকার সংস্থা যারা নাগরিক ও রাজনৈতিক অধিকার নিয়ে কাজ করে এবং ক্ষতিগ্রস্তদের প্রতি অবিচারের প্রতিকার চায়, তাদের কর্মকাণ্ড বন্ধ করার লক্ষ্যে এই আইনটি করা হয়েছিল বলে ধারণা করা হয়। গণঅভ্যুত্থানের মাধ্যমে গঠিত অন্তর্বর্তীকালীন সরকারের উচিত মতপ্রকাশের স্বাধীনতা নিশ্চিত করার লক্ষ্যে দ্রুত এই আইন পরিবর্তন করা। এছাড়া, অন্তর্বর্তীকালীন সরকারকে অবিলম্বে নারীর প্রতি সকল প্রকার বৈষম্য বিলোপ সনদ (সিডো) এর আর্টিকেল ২ (গ) এবং ১৬ (১) এর ওপর থেকে আপত্তি তুলে নিতে হবে।

মানবাধিকার লঙ্ঘনের বিরুদ্ধে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে এমন একটি প্রতিষ্ঠান হলো জাতীয় মানবাধিকার কমিশন। কিন্তু বর্তমান আইনে এই কমিশনের কাজ সীমিত, যা এর স্বাধীনতাকে খর্ব করছে। অথচ মানবাধিকার লঙ্ঘনের ঘটনাগুলো নিয়ে কাজ করার জন্য প্রয়োজনীয় আইন সংশোধন ও স্বচ্ছ নিয়োগের মাধ্যমে জাতীয় মানবাধিকার কমিশনকে একটি শক্তিশালী ও কার্যকরী রাষ্ট্রীয় প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার প্রয়োজন রয়েছে।

---

[১] https://legislativediv.portal.gov.bd/sites/default/files/files/legislativediv.portal.gov.bd/page/db174165_ab20_468c_ba5a_3616f0527ae9/Act%20No%2043%20of%202016.pdf

হেফাজতে নির্যাতন ও মৃত্যুর ঘটনা অব্যাহত রয়েছে। নির্যাতনের বিষয়ে দীর্ঘদিন ধরে দায়মুক্তির সংস্কৃতি চালু থাকা এবং এটি বন্ধে নির্যাতন ও হেফাজতে মৃত্যু (নিবারণ) আইন ২০১৩ এর বাস্তবায়ন না হওয়ার কারণেই বিভিন্ন আইন প্রয়োগকারী সংস্থার হেফাজতে নির্যাতন ও অমানবিক আচরণের ঘটনাগুলো অব্যাহতভাবে ঘটছে। ২০২৫ সালের ১৭ জুলাই অন্তর্বর্তীকালিন সরকার কনভেনশন এগেইনস্ট টর্চার-এর অপশোনাল প্রোটোকল অনুমোদন করে। এটি অন্তর্বর্তীকালিন সরকারের মানবাধিকার রক্ষার প্রতিশ্রুতির প্রতিফলন। উল্লেখ্য, *অধিকার* গত ৩০ বছর ধরে এটির অনুমোদনের জন্য অব্যাহতভাবে দাবি জানিয়ে আসছিলো। বন্দি ও আটককৃতদের সুরক্ষা দেবার জন্য জাতীয় প্রতিরোধমূলক ব্যবস্থা গঠন করা জরুরী হয়ে পড়েছে।

এছাড়া, কর্তৃত্ববাদী হাসিনা সরকারের আমলে গুম, বিচারবহির্ভূত হত্যাকাণ্ড ও অন্যান্য মানবাধিকার লঙ্ঘনের দায়ে অভিযুক্ত সামরিক বাহিনীর শীর্ষ কর্মকর্তাদের মধ্যে যারা হাসিনা সরকারের পতনের পর দেশ থেকে পালিয়ে গেছে, তাদের বিচারের আওতায় আনার ক্ষেত্রেও উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই।

গুরুতর মানবাধিকার লঙ্ঘনের বিশ্বাসযোগ্য অভিযোগ থাকার কারণে র‍্যাবের অবলুপ্তির জন্য মানবাধিকার কর্মীদের পক্ষ থেকে দীর্ঘদিন ধরে দাবী তোলা হয়েছে, যা আজ পর্যন্ত বাস্তবায়িত হয়নি।

এক দিকে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ) বাংলাদেশ-ভারত সীমান্তে বাংলাদেশী নাগরিকদের হত্যা ও নির্যাতন অব্যাহত রেখেছে। অন্যদিকে, সীমান্ত দিয়ে রোহিঙ্গা ও অন্যান্য মুসলিম জনগোষ্ঠীকে ভারতীয় শাসক গোষ্ঠী বাংলাদেশে অবৈধভাবে ঠেলে পাঠিয়ে দিচ্ছে। এই বিষয়ে অন্তর্বর্তীকালীন সরকারকে জোরালো ভূমিকা নিতে হবে এবং সীমান্ত আরো শক্তিশালী করতে হবে।

*অধিকার এর* সঙ্গে সংশ্লিষ্ট মানবাধিকার কর্মীদের পাঠানো প্রতিবেদন এবং বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত তথ্য-উপাত্তের ভিত্তিতে এই প্রতিবেদনটি প্রস্তুত করা হয়েছে।

# সূচীপত্র


মানবাধিকার লঙ্ঘনের পরিসংখ্যান: ০৯ আগস্ট ২০২৪ - ৩০ সেপ্টেম্বর  ২০২৫ .................................১
এই প্রতিবেদন সংক্রান্ত কিছু কথা ........................................................................২
ক. মানবাধিকার পরিস্থিতি ....................................................................................৩
*আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল* ..........................................................................৩
*বিচারবহির্ভূত হত্যাকাণ্ড* ...................................................................................৫
*আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের মর্যাদাহানিকর আচরণ ও জবাবদিহিতার অভাব* ......................৬
*থানা হেফাজতে মৃত্যু* ......................................................................................৭
*গুম*.................................................................................................................৮
মৃত্যুদণ্ডের বিধান ও মানবাধিকার ........................................................................৯
কারাগার ও বন্দীদের মানবাধিকার ........................................................................১০
খ. জনগণের অধিকারের ওপর আক্রমণ ...................................................................১২
*মিথ্যা মামলা* .................................................................................................১২
*সভা-সমাবেশের অধিকার* ...................................................................................১২
*সংবাদ মাধ্যমের স্বাধীনতা*...................................................................................১৩
গণপিটুনী দিয়ে হত্যা ও সহিংসতা ....................................................................... ১৫
রাজনৈতিক সংগঠন ...........................................................................................১৬
*বিএনপি'র অভ্যন্তরীণ কোন্দল ও দুর্বৃত্তায়ণ*.....................................................................২০
গ. নারীর প্রতি সহিংসতা ......................................................................................২৩
*ধর্ষণ* ............................................................................................................২৩
*যৌন হয়রানি*.................................................................................................. ২৪
*যৌতুক সহিংসতা*..............................................................................................২৫
ঘ. তৈরি পোশাক শিল্পের শ্রমিকদের অবস্থা.............................................................২৫
ঙ. ধর্মীয় সংখ্যালঘু ও ক্ষুদ্র জাতিগোষ্ঠীর  মানবাধিকার ...............................................২৬
চ. বাংলাদেশ-ভারত সীমান্ত................................................................................. ২৭
*বিএসএফ কর্তৃক হত্যা-নির্যাতন*........................................................................... ২৭
*অবৈধ পুশইন* .................................................................................................২৮
*ভারত সরকারের বাংলাদেশ-বিরোধী অবস্থান* .........................................................২৯
রোহিঙ্গা সম্প্রদায়ের মানবাধিকার.........................................................................৩০
ছ. সুপারিশসমূহ: ............................................................................................... ৩১

# মানবাধিকার লঙ্ঘনের পরিসংখ্যান: ০৯ আগস্ট ২০২৪ - ৩০ সেপ্টেম্বর ২০২৫

| অন্তর্বর্তীকালীন সরকার | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| আগস্ট ২০২৪ - সেপ্টেম্বর ২০২৫* | | | | | | | | | | | | | | | | |
| মানবাধিকার লঙ্ঘনের ধরন | | ০৯-৩১ আগস্ট '২৪ | সেপ্টেম্বর '২৪ | অক্টোবর '২৪ | নভেম্বর '২৪ | ডিসেম্বর '২৪ | জানুয়ারি '২৫ | ফেব্রুয়ারি '২৫ | মার্চ '২৫ | এপ্রিল '২৫ | মে '২৫ | জুন '২৫ | জুলাই '২৫ | আগস্ট '২৫ | সেপ্টেম্বর '২৫ | মোট |
| বিচারবহির্ভূত হত্যাকাণ্ড | নির্যাতনে মৃত্যু | ০ | ৫ | ১ | ১ | ০ | ১ | ০ | ১ | ০ | ১ | ১ | ১ | ১ | ১ | ১৪ |
| | গুলিতে নিহত | ০ | ৪ | ০ | ০ | ০ | ১ | ৩ | ০ | ১ | ২ | ২ | ৫ | ০ | ১ | ১৯ |
| | পিটিয়ে হত্যা | ০ | ০ | ০ | ০ | ১ | ৩ | ০ | ০ | ০ | ১ | ০ | ০ | ২ | ০ | ৭ |
| | **মোট** | **০** | **৯** | **১** | **১** | **১** | **৫** | **৩** | **১** | **১** | **৪** | **৩** | **৬** | **৩** | **২** | **৪০** |
| কারাগারে মৃত্যু | | ৪ | ৫ | ৪ | ৩ | ৪ | ৬ | ৬ | ৭ | ১২ | ৫ | ৫ | ১১ | ১১ | ৫ | ৮৮ |
| মৃতুদণ্ডাদেশ | | ১৮ | ১০ | ৩৮ | ৮ | ০ | ৭ | ১১ | ৬ | ১৪ | ৪২ | ৬ | ৪৬ | ৩১ | ৫ | ২৪২ |
| বিএসএফ কর্তৃক মানবাধিকার লঙ্ঘন | বাংলাদেশী নিহত | ১ | ২ | ২ | ০ | ৫ | ২ | ৩ | ১ | ৫ | ৩ | ১ | ৬ | ৪ | ০ | ৩৫ |
| | বাংলাদেশী আহত | ২ | ০ | ১ | ২ | ১ | ৩ | ৫ | ১ | ১ | ৪ | ০ | ৪ | ৮ | ২ | ৩৪ |
| | পুশ ইন | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ১১৩৬ | ৬৫৩ | ৩১৫ | ১৩৮ | ৯১ | ২৩৩৩ |
| | **মোট** | **৩** | **২** | **৩** | **২** | **৬** | **৫** | **৮** | **২** | **৬** | **১১৪৩** | **৬৫৪** | **৩২৫** | **১৫০** | **৯৩** | **২৪০২** |
| সাংবাদিকদের ওপর আক্রমণ | আহত | ৫ | ২ | ৩ | ৫ | ৩ | ৭ | ২০ | ২০ | ৫ | ২৩ | ২ | ৬ | ১৬ | ১২ | ১২৯ |
| | নিহত | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ১ | ০ | ১ |
| | লাঞ্ছিত | ০ | ০ | ২ | ২ | ২ | ৪ | ১ | ৫ | ৩ | ৩ | ১০ | ১ | ০ | ১০ | ৪৩ |
| | আক্রমণ | ০ | ০ | ১ | ২ | ০ | ০ | ১ | ০ | ০ | ০ | ১ | ০ | ০ | ০ | ৫ |
| | হুমকি | ৩ | ০ | ০ | ১ | ২ | ০ | ৩ | ২ | ৯ | ২ | ০ | ৩ | ২ | ৪ | ৩১ |
| | মামলা | ০ | ৩ | ০ | ০ | ০ | ০ | ০ | ৩ | ৫ | ০ | ২ | ৫ | ৭ | ৮ | ৩৩ |
| | **মোট** | **৮** | **৫** | **৬** | **১০** | **৭** | **১১** | **২৫** | **৩০** | **২২** | **২৮** | **১৫** | **১৫** | **২৬** | **৩৪** | **২৪২** |
| রাজনৈতিক সহিংসতা | নিহত | ৩৩ | ১৯ | ১৯ | ১০ | ৯ | ১৪ | ১৩ | ৪৪ | ৩১ | ২২ | ২১ | ১৯ | ১২ | ১৫ | ২৮১ |
| | আহত | ৪৬৭ | ৮৪৩ | ৪৫৯ | ২৫৬ | ৪৫৩ | ৪৭০ | ৬৩২ | ৯০০ | ৭৬৭ | ৪২৫ | ৪৮৯ | ৫৭৯ | ৬৫৮ | ৩০০ | ৭৬৯৮ |
| | **মোট** | **৫০০** | **৮৬২** | **৪৭৮** | **২৬৬** | **৪৬২** | **৪৮৪** | **৬৪৫** | **৯৪৪** | **৭৯৮** | **৪৪৭** | **৫১০** | **৫৯৮** | **৬৭০** | **৩১৫** | **৭৯৭৯** |
| নারীর ওপর যৌতুক সহিংসতা | নিহত | - | - | - | - | - | ১ | ৫ | ২ | ৩ | ৩ | ৭ | ২ | ২ | ২ | ২৭ |
| | নির্যাতন | - | - | - | - | - | ১ | ১ | ৪ | ৩ | ১ | ৫ | ৩ | ২ | ০ | ২০ |
| | আত্মহত্যা | - | - | - | - | - | ০ | ০ | ১ | ০ | ০ | ০ | ০ | ০ | ১ | ২ |
| | **মোট** | **-** | **-** | **-** | **-** | **-** | **২** | **৬** | **৭** | **৬** | **৪** | **১২** | **৫** | **৪** | **৩** | **৪৯** |
| ধর্ষণ | মেয়ে শিশু (১৮ বছরের নিচে) | - | - | - | - | - | ২৪ | ৩৯ | ১০১ | ৫২ | ২৮ | ২৯ | ৪০ | ৩৮ | ৩৩ | ৩৮৪ |
| | প্রাপ্ত বয়স্ক নারী | - | - | - | - | - | ৬ | ১২ | ৪৫ | ২৯ | ২৬ | ৩৩ | ২১ | ৩২ | ২৪ | ২২৮ |
| | বয়স জানা যায়নি | - | - | - | - | - | ১৮ | ১৪ | ২১ | ৮ | ৭ | ৭ | ০ | ০ | ০ | ৭৫ |
| | **মোট** | **-** | **-** | **-** | **-** | **-** | **৪৮** | **৬৫** | **১৬৭** | **৮৯** | **৬১** | **৬৯** | **৬১** | **৭০** | **৫৭** | **৬৮৭** |
| স্টকিং | | - | - | - | - | - | ০ | ৪ | ১০ | ৭ | ৭ | ২ | ৫ | ১ | ২ | ৩৮ |
| গণপিটুনীতে মৃত্যু | | ১৪ | ১৭ | ১২ | ৩ | ১০ | ৬ | ১৩ | ১৪ | ৭ | ৮ | ৪ | ১২ | ১৫ | ১৮ | ১৫৩ |

* অধিকার ডকুমেন্টেশন

# এই প্রতিবেদন সংক্রান্ত কিছু কথা

এই প্রতিবেদনটিকে নির্দিষ্ট কয়েকটি অংশে সাজানো হয়েছে। প্রথম অংশে নাগরিক ও রাজনৈতিক অধিকার সংক্রান্ত  সেসব বিষয়ে আলোকপাত করা হয়েছে যেসব বিষয়ে সুরক্ষার দায়িত্ব নির্বাহী বিভাগ, বিচার বিভাগ ও আইনসভা (আইনসভার অবর্তমানে বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার)-রাষ্ট্রের এই তিনটি প্রধান অঙ্গপ্রতিষ্ঠানের ওপর ন্যস্ত। এসব অধিকারের মধ্যে রয়েছে ন্যায্য বিচারপ্রাপ্তির অধিকার, জীবনের অধিকার, মর্যাদার অধিকার এবং নির্যাতন ও অবমাননাকর আচরণ থেকে মুক্ত থাকার অধিকার।

প্রতিবেদনটির দ্বিতীয় অংশে অধিকার প্রয়োগের পথে বাধা কিংবা হামলার ঘটনাগুলো তুলে ধরা হয়েছে, যেসব ঘটনায় রাষ্ট্রীয় কর্তৃপক্ষের সরাসরি কোন সম্পৃক্ততা ছিল না। এই ধরনের ঘটনার উদাহরণ হিসেবে উচ্ছৃঙ্খল জনতা কর্তৃক সংঘটিত সহিংসতা, রাজনৈতিক সহিংসতা, প্রতিদ্বন্দ্বী পক্ষ কর্তৃক জনসমাবেশে হামলা এবং সাংবাদিকদের ওপর হামলার বিষয়গুলো তুলে ধরা হয়েছে। সরকারকে এই ক্ষেত্রে জনগণের নিরাপত্তা নিশ্চিত করার জন্য আরো সচেষ্ট হতে হবে।

তৃতীয় অংশে নারীদের ওপর সহিংসতার বিষয়ে আলোকপাত করা হয়েছে এবং পরবর্তী দুটি আলাদা অংশে শ্রমজীবী মানুষ এবং সংখ্যালঘু সম্প্রদায়ের নাগরিকদের অধিকার-সংক্রান্ত বিষয়গুলো নিয়ে আলোচনা করা হয়েছে। সুপারিশসমূহ উপস্থাপনের আগে প্রতিবেদনটিতে বাংলাদেশ-ভারত সীমান্ত সংক্রান্ত একটি অধ্যায় সংযুক্ত করা হয়েছে।

# ক. মানবাধিকার পরিস্থিতি

## *আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল*

১. আন্তর্জাতিক অপরাধ আদালতে গণহত্যার দায়ে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তার সঙ্গে সহযোগী হিসেবে জড়িত ব্যক্তিদের বিচারকার্য চলছে। গত ২ জুলাই গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধের দায়ে অভিযুক্ত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আদালত অবমাননার এক মামলায় ছয় মাসের কারাদণ্ড দেয় আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১। একই মামলায় গাইবান্ধার গোবিন্দগঞ্জের আওয়ামী লীগ নেতা শাকিল আকন্দ বুলবুলকে দুই মাসের কারাদণ্ড দেয় আদালত। ট্রাইব্যুনালের বিচার প্রক্রিয়া বাধাগ্রস্ত করা, মামলার বাদী ও সাক্ষীদের ভয়ভীতি দেখানো এবং হুমকি দেওয়ায় আন্তর্জাতিক অপরাধ আদালত (সংশোধন) অধ্যাদেশ ২০২৪ অনুযায়ী এই সাজা দেয় আদালত। [২]

২. জুলাই-২০২৪ গণ-অভ্যুত্থানের সময় আইন প্রয়োগকারী সংস্থার ছোঁড়া কাঁদানে গ্যাসের শেল ও গুলিতে আহত হওয়া ব্যক্তিদের অনেকে ঢাকার জাতীয় চক্ষুবিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতালে চিকিৎসা নিয়েছেন। তাঁদের মধ্যে ১১ জন দুই চোখের দৃষ্টি চিরতরে হারিয়েছেন। আর এক চোখের দৃষ্টি হারিয়েছেন ৪৯৩ জন। গণ-অভুত্থানের সময় সংঘটিত মানবতা বিরোধী অপরাধে শেখ হাসিনার বিরুদ্ধে দায়ের করা মামলায় ২১তম সাক্ষী জাতীয় চক্ষুবিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতালের রেটিনা বিভাগের সহকারী অধ্যাপক যাকিয়া সুলতানা আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে এই ব্যাপারে সাক্ষ্য দেন।[৩] ২০২৪ সালের ৪ ও ৫ অগাস্ট রাজধানীর ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্স ও হাসপাতালে যাওয়া আহত ব্যক্তিদের অধিকাংশের মাথায়, বুকে, মুখে ও গলায় গুলিবিদ্ধ ছিল। এই হাসপাতালে ছাত্র-জনতার আন্দোলনে গুরুতর আহত ১৬৭ জনকে ভর্তি করা হয়। গত ২০ অগাস্ট আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ এ নিউরোসায়েন্স হাসপাতালের সহযোগী অধ্যাপক মো. মাহফুজুর রহমান তাঁর জবানবন্দিতে এই কথা বলেন।[৪]

৩. ঢাকার কল্যানপুরে ইবনে সিনা মেডিকেল কলেজ হাসপাতালের সার্জারি বিভাগের সহযোগী অধ্যাপক হাসানুল বান্না গত ২০ অগাস্ট আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ এ সাক্ষীর জবানবন্দিতে বলেন, ২০২৪ সালের ১৯ জুলাই সকাল থেকে আওয়ামী লীগ ও যুব লীগের নেতা-কর্মীরা হাসপাতাল ফটক সারাদিন অবরোধ করে রেখে কোন রোগী কিংবা অ্যাম্বুলেন্সকে হাসপাতালে ঢুকতে বা বের হতে দেয়নি। মাথায় গুলিবিদ্ধ হওয়া মোস্তাকিন বিল্লাহ নামে এই হাসপাতালের একজন কর্মচারীর স্বামীর চিকিৎসায় আওয়ামী লীগ ও যুব লীগের নেতা-কর্মীরা বাধা দিলে মোস্তাকিন বিল্লাহ মারা যান।[৫]

৪. জুলাই গণ-অভ্যুত্থানের সময় ঢাকার চাঁনখারপুল এলাকায় ছয়জনকে গুলি করে হত্যার ঘটনায় দায়ের করা মানবতাবিরোধী অপরাধের মামলায় দেয়া সূচনা বক্তব্যে গত ১১ অগাস্ট আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটার মোহাম্মদ তাজুল ইসলাম বলেন, জুলাই আন্দোলনকারীদের ফাঁসি

---

[২] শেখ হাসিনার প্রথম সাজা, যুগান্তর ৩ জুলাই ২০২৫; https://www.jugantor.com/national/973124

[৩] ১১ জন দুই চোখের দৃষ্টি হারিয়েছেন, প্রথম আলো ২৫ অগাস্ট ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/gnh66dwpix

[৪] আহত অধিকাংশ ছিল মাথায় গুলিবিদ্ধ, প্রথম আলো ২১ অগাস্ট ২০২৫; https://epaper.prothomalo.com/Home/ShareArticle?OrgId=218275d55ea&eid=1&imageview=0&epedate=21/08/2025&sedId=1

[৫] আহত অধিকাংশ ছিল মাথায় গুলিবিদ্ধ, প্রথম আলো ২১ অগাস্ট ২০২৫; https://epaper.prothomalo.com/Home/ShareArticle?OrgId=218275d55ea&eid=1&imageview=0&epedate=21/08/2025&sedId=1

দিতে চেয়েছিলেন ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তাঁর এই বক্তব্যের স্বপক্ষে শেখ হাসিনার সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপচার্য এ এস এম মাকসুদ কামালের টেলিফোন কথোপকথন (অডিও রেকর্ডের লিখিত রূপ) তুলে ধরেন।[৬]

৫. ২০২৪ সালের ৫ অগাস্ট শেখ হাসিনা সরকারের পতনের দিন আশুলিয়ায় গুলি করে হত্যার পর পুলিশ ছয়জনের লাশ তুলে নিয়ে আগুনে পুড়িয়ে দেয় বলে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে অভিযোগ করা হয়েছে। মানবতাবিরোধী অপরাধের এই মামলায় ২০২৫ সালের ১৮ অগাস্ট শেখ হাসিনাসহ তিন আসামির বিরুদ্ধে সাক্ষ্য দিয়েছেন আশুলিয়ায় শহীদ শিক্ষার্থী আস-সবুরের বাবা এনাব নাজেজ জাকিসহ তিন জন।[৭]

৬. ২০১২ সালে আওয়ামী লীগের শাসনামলে অভিযুক্ত যুদ্ধপরাধীদের বিচারের সময় সুখরঞ্জন বালীকে জামায়াত নেতা দেলোয়ার হোসেন সাঈদীর বিরুদ্ধে দায়ের হওয়া মামলায় সাক্ষ্য দিতে বাধ্য করার জন্য নিয়ে আসা হয়।[৮] কিন্তু তিনি সাঈদীর বিরুদ্ধে সাক্ষ্য দিতে রাজী না হলে তাঁকে সাদা পোশাকধারী পুলিশ কর্তৃক গুম করা হয়, তাঁর ওপর শারীরিক নির্যাতন করা হয় এবং এরপর দীর্ঘদিন ভারতের একটি কারাগারে বন্দি করে রাখা হয়। ২০২৫ সালে এসে তিনি আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটার মোহাম্মদ তাজুল ইসলামের কাছে শেখ হাসিনা, সাবেক প্রধান বিচারপতি এসকে সিনহা, সাবেক আইনমন্ত্রী শফিক আহমেদ এবং সাবেক প্রসিকিউটার রানা দাশগুপ্তসহ ৩২ জনের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন।[৯]

৭. ২০২৫ সালের ২ সেপ্টেম্বর তৎকালীন আইজিপি চৌধুরী আবদুল্লাহ আল-মামুন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ এ রাজসাক্ষী হিসেবে সাক্ষ্য দেন।[১০] তিনি আদালতে তাঁর সাক্ষ্যে বলেন, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন দমনে সরকারের আদেশে অতিরিক্ত বল প্রয়োগ করে আন্দোলনকারীদের আহত ও হত্যা করা হয়েছে। এই জন্য তিনি লজ্জিত ও ক্ষমাপ্রার্থী এবং আন্দোলনে সংঘটিত হত্যাকাণ্ডসহ যে ব্যাপক নৃশংসতা হয়েছিল, সেইজন্য অপরাধবোধ এবং বিবেকের তাড়নায় রাজসাক্ষী হওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। তিনি তাঁর সাক্ষ্যে বলেন, তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের নির্দেশে এই গণহত্যা সংঘটিত হয়েছিল। তিনি আদালতে আরো জানান, ‘র‍্যাব কর্তৃক কোনো ব্যক্তিকে উঠিয়ে আনা, গুম করার নির্দেশনা বা ক্রসফায়ারে হত্যার নির্দেশনাগুলো সরাসরি প্রধানমন্ত্রীর দপ্তর থেকে আসতো।[১১]

---

[৬] আন্দোলনকারীদের ফাঁসি দিতে চেয়েছিলেন শেখ হাসিনা, প্রথম আলো ১২ অগাস্ট ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/lezfwk6r9w

[৭] আমার ছেলেকে যেভাবে পুড়িয়ে মেরেছে সেভাবে শাস্তি চাই, যুগান্তর ১৯ অগাস্ট ২০২৫; https://www.jugantor.com/tp-firstpage/992067

[8] Sayeedi case witness Sukhranjan Bali files complaints against Hasina, SK Sinha, 30 others: https://www.tbsnews.net/bangladesh/court/sayeedi-case-witness-sukhranjan-bali-files-disappearance-torture-charges-against

[৯] সুখরঞ্জন বালীর ওপর ভয়াবহ নির্যাতন, আমার দেশ ২২ অগাস্ট ২০২৫; https://eamardesh.com/2025-08-22/edition-2/1/76766

[১০] https://en.prothomalo.com/bangladesh/5lrhswxsur

[১১] জুলাই হত্যার দায় স্বীকার মামুনের, মানবজমিন ৩ সেপ্টেম্বর ২০২৫; https://mzamin.com/news.php?news=178463

## *বিচারবহির্ভূত হত্যাকাণ্ড*

৮. গত ১০ জুলাই উপদেষ্টা পরিষদ নির্যাতন ও অন্যান্য নিষ্ঠুর অমানবিক বা অবমাননাকর আচরণ বা শাস্তির বিরুদ্ধে জাতিসংঘ কনভেনশনের ঐচ্ছিক প্রটোকলকে অনুমোদন দেয়ার সিদ্ধান্ত নেয়। ইতিমধ্যে এই প্রতিবেদন প্রস্তুতকালীন সময়ে আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের বিরুদ্ধে নির্যাতন ও বিচারবহির্ভূত হত্যার অভিযোগ পাওয়া গেছে।

৯. গত ২১ জুলাই ২০২৫ ঢাকার মিরপুর-১ নম্বরে যৌথবাহিনী অভিযান চালিয়ে যুবদলের তিনজন নেতা-কর্মীকে ৩০ রাউন্ড গুলিসহ গ্রেফতার করে। গ্রেফতারকৃতদের সাইন্সল্যাব এলাকায় অবস্থিত সেনা ক্যাম্পে নেয়া হয় এবং জিজ্ঞাসাবাদ শেষে তিন আসামিকে শাহ আলী থানায় হস্তান্তর করা হয়। কিন্তু থানায় আসামিরা অসুস্থ হয়ে পড়লে তাঁদের শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালে নেয়া হয়। সেখানে আসিফ শিকদার নামে একজনকে চিকিৎসক মৃত ঘোষণা করেন। নিহতের পরিবারের দাবি, নির্যাতন করে আসিফকে হত্যা করা হয়েছে।[১২]

১০. গত ১ অগাস্ট ২০২৫ ঢাকার খিলগাঁও সিপাহিবাগের বাসা থেকে নজরুল ইসলাম মোল্লা (৪৩) নামে এক ব্যবসায়ী ও তাঁর স্ত্রী আকলিমা বেগমকে মাদক কারবারে জড়িত থাকার অভিযোগে আইনপ্রয়োগকারী সংস্থার সদস্যরা ধরে স্থানীয় পুলিশ ক্যাম্পে নিয়ে যায়। সেখানে নজরুলকে মারধর করলে তিনি অচেতন হয়ে পড়েন বলে অভিযোগ রয়েছে। তখন স্ত্রী আকলিমার হাতে দুই হাজার টাকা দিয়ে আইনপ্রয়োগকারী সংস্থার সদস্যরা নজরুলকে মুগদা হাসপাতালে নিয়ে যেতে বলে। ২ অগাস্ট নজরুল ইসলাম মোল্লা মুগদা হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান। নিহতের মামা কামাল হোসেন অভিযোগ করেন, নির্যাতনে নজরুলের মৃত্যু হয়েছে।[১৩]

১১. নীলফামারীর উত্তরা এক্সপোর্ট প্রসেসিং জোনে (ইপিজেড) কারখানা বন্ধ ও শ্রমিক ছাঁটাইয়ের বিরুদ্ধে গত ২ সেপ্টেম্বর শ্রমিকরা বিক্ষোভ করে এবং নীলফামারী-সৈয়দপুর সড়ক অবরোধ করে। এই সময় আইন প্রয়োগকারী সংস্থা ও নিরাপত্তা বাহিনীর সঙ্গে শ্রমিকদের সংঘর্ষের সময় গুলিবিদ্ধ হয়ে হাবিবুর রহমান নামে এক শ্রমিক নিহত হন। [১৪]

[১২] গ্রেফতারের পর যুবদল নেতার মৃত্যু, পরিবারের দাবি রহত্যা, যুগান্তর ২২ জুলাই ২০২৫; https://www.jugantor.com/tp-lastpage/980825

[১৩] 'আইনশৃঙ্খলা বাহিনী' ধরার পর মৃত্যু, নির্যাতনের অভিযোগ, সমকাল ৩ অগাস্ট ২০২৫; https://epaper.samakal.com/nogor-edition/2025-08-03/16/755

[১৪] উত্তরা ইপিজেডে সংঘর্ষ গুলিতে শ্রমিক নিহত, সমকাল ৩ সেপ্টেম্বর ২০২৫; https://samakal.com/whole-country/article/313832/




*ছবি ১: নীলফামারীর উত্তরা ইপিজেডে ২ সেপ্টেম্বর কারখানা বন্ধ ও ছাঁটাইয়ের জেরে শ্রমিকদের সঙ্গে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সংঘর্ষে একজন নিহত হন। পরে তাঁর মরদেহ নিয়ে সড়কে অবস্থান নেন সহকর্মীরা। সমকাল ৩ সেপ্টেম্বর ২০২৫*

**১২. ২০২৫ সালের জুলাই-সেপ্টেম্বর এই তিন মাসে ১১ জন বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের শিকার হয়েছেন বলে অভিযোগ রয়েছে। এঁদের মধ্যে ০৩ জন পুলিশের হাতে, ০১ জন সেনাবাহিনীর হাতে এবং ০৭ জন যৌথবাহিনীর হাতে বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের শিকার হয়েছেন বলে অভিযোগ রয়েছে। নিহতদের মধ্যে ০৩ জনকে নির্যাতনে, ০৬ জনকে গুলিতে এবং ০২ জন পিটিয়ে হত্যা করা হয়।**

## *আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের মর্যাদাহানিকর আচরণ ও জবাবদিহিতার অভাব*

১৩. কর্তৃত্ববাদী হাসিনা সরকারের আমলে ক্ষমতায় টিকে থাকতে আইন প্রয়োগকারী সংস্থা ও নিরাপত্তা বাহিনীর সদস্যদের নিজ স্বার্থে ব্যবহার করা হয়েছিল। ফলে এই প্রতিষ্ঠানগুলো অকার্যকর হয়ে পড়ে। সেই সময়ে দলীয় নেতা-কর্মীদের পুলিশসহ বিভিন্ন প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ পদে অবৈধভাবে চাকরি দেয় হাসিনা সরকার। শেখ হাসিনার ১৫ বছরের শাসনামলে অবৈধভাবে নিয়োগপ্রাপ্তরা অবৈধ আদেশ পালন করে বিরোধী রাজনৈতিক দলের নেতা-কর্মী ও ভিন্ন মতাবলম্বীদের ওপর নিপীড়ন-নির্যাতন চালায় এবং বিপুল অর্থ সম্পদের মালিক হয়।[১৫] দুঃখজনকভাবে বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে এই ব্যাপরাটি নতুন নয়। পুলিশকে দলীয় স্বার্থে ব্যবহার করা একটি সাধারণ প্রবণতা হিসেবে অতীতে সব আমলেই দেখা গেছে।

১৪. সর্বশেষ জুলাই গণঅন্দোলনে হাসিনার নির্দেশে আইন প্রয়োগকারী সংস্থা ও নিরাপত্তা বাহিনীর সদস্যরা গণহত্যা চালায়। এই গণআন্দোলনে হাসিনা সরকারের পতন ঘটলেও আইন প্রয়োগকারী সংস্থা ও নিরাপত্তা বাহিনীগুলোতে তার অনুগত বহু সদস্য এখনও কর্মরত আছে। ফলে সুযোগ পেলেই তারা কর্তৃত্ববাদী হাসিনা সরকারের অপকর্মের সঙ্গে যুক্ত ব্যক্তিদের রক্ষা করার চেষ্টা করেছে।

- গত ১ জুলাই ২০২৫ চট্টগ্রামের পটিয়ায় বৈষম্যবিরোধী ছাত্ররা জুলাই অভ্যুত্থান উপলক্ষে শহীদ মিনারে কর্মসূচী শেষ করে থানা মোড়ের দিকে গেলে সেখানে রাঙ্গামাটি জেলার ছাত্রলীগ নেতা দিপংকরের

[১৫] শতকোটি টাকার সম্পদ এ এসআই মান্নানের, যুগান্তর ২৮ অগাস্ট ২০২৫; https://www.jugantor.com/tp-city/995806

নেতৃত্বে বেশ কয়েকজনকে জড়ো হতে দেখেন। সন্দেহজনক আচরণ ও নাশকতার পরিকল্পনার অভিযোগে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতা-কর্মীরা দিপংকরকে আটক করে থানায় সোপর্দ করতে যায়। কিন্তু থানার পুলিশ সদস্যরা ছাত্রদের ওপর হামলা করে এবং লাঠিচার্জ করে। এই ঘটনার প্রতিবাদে রাত ১২ টায় আবারও থানার সামনে যান বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের বিক্ষুব্ধ নেতাকর্মীরা। এই সময়ও পুলিশ তাঁদের ওপর লাঠিচার্জ করলে ২৫ জন ছাত্র আহত হন। [১৬]



*চট্টগ্রামের পটিয়া থানা চত্বরে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতাকর্মীদের ওপর পুলিশের হামলার অভিযোগ উঠেছে। এতে ৪০-৪৫ জন আহত হয়েছেন বলে দাবি এনসিপি নেতাদের। ছবি: ঢাকা পোস্ট ২ জুলাই ২০২৫*

১৫. এই সময়ে আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের বিরুদ্ধে মিথ্যা মাদক মামলা দিয়ে ফাঁসানো[১৭], মাদকসহ আটকের পর ছেড়ে দেয়া [১৮], মামলায় ফাঁসিয়ে ৪ লাখ টাকা দাবি[১৯], নিহত শিশুর পরিবারের কাছ থেকে ঘুষ আদায়[২০] এবং টাকা লুট করাসহ বিভিন্ন অভিযোগ পাওয়া গেছে।[২১]




*রাজশাহীতে বিএনপির এক নেতাকে ধরে নিয়ে গিয়ে সাজানো মামলায় ফাঁসানোর অভিযোগ উঠেছে পুলিশের বিরুদ্ধে। তবিবুর রহমান সুমন নামের ওই ব্যক্তি সংবাদ সম্মেলন করে এ অভিযোগ তুলেছেন। যুগান্তর ২০ জুলাই ২০২৫*

[১৬] পটিয়ায় বৈষম্যবিরোধী নেতাকর্মীদের সঙ্গে পুলিশের সংঘর্ষ, আহত ১০, প্রথম আলো ২ জুলাই ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/el4msr3nx7

[১৭] বিএনপি নেতাকে ধরে নিয়ে গিয়ে গাঁজা দিয়ে চালান, যুগান্তর ২০ জুলাই ২০২৫; https://www.jugantor.com/country-news/980294

[১৮] মাদকসহ আটকের পর ছেড়ে দেওয়া হলো কারবারিকে, যুগান্তর ২৬ অগাস্ট ২০২৫; https://www.jugantor.com/country-news/995196

[১৯] মামলায় ফাঁসিয়ে ৪ লাখ টাকা দাবি, যুগান্তর ১৯ অগাস্ট ২০২৫; https://www.jugantor.com/tp-city/992089

[২০] নিহত শিশুর পরিবারের কাছ থেকে ঘুষ নিয়ে এসআই প্রত্যাহার, সমকাল ১ সেপ্টেম্বর ২০২৫; https://samakal.com/whole-country/article/313601/

[২১] জুয়াড়ির লাখ টাকা লুটের অভিযোগ পুলিশ সদস্যদের বিরুদ্ধে, ইত্তেফাক ১১ জুলাই ২০২৫; https://www.ittefaq.com.bd/741010/

## *থানা হেফাজতে মৃত্যু*

১৬. এই তিন মাসে থানা হেফাজতে ৪ জন আসামির মৃত্যু হয়েছে। থানা হেফাজতে মৃত্যুর পর অধিকাংশ ক্ষেত্রেই থানা পুলিশ দাবী করে থাকে থানা হাজতে ফাঁস লাগিয়ে আসামিরা আত্মহত্যা করেছে। অধিকাংশ ক্ষেত্রেই পুলিশ কর্তৃক এই সমস্ত ঘটনার তদন্ত হয়। ফলে সন্দেহ থাকে যে রিপোর্টটি সঠিক কিনা।

- গত ১৫ সেপ্টেম্বর সিলেটে র‍্যাব-৯ এর হেফাজতে একটি হত্যা মামলার আসামি তানভীর চৌধুরী এবং মৌলভীবাজারে পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই) এর হাজত খানায় মুকাদ্দাছ নামে একটি হত্যা মামলার আসামি মারা গেছেন। র‍্যাব-৯ এবং পিবিআই দাবী করেছে উভয়েই গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা করেছেন। [২২]
- গত ২৬ সেপ্টেম্বর বাগেরহাট সদর থানায় রিমান্ডে থাকা অবস্থায় মোজাফফর (২৬) নামে চুরির মামলায় অভিযুক্ত এক ব্যক্তি মারা গেছেন। পুলিশ জানিয়েছে, হার্ট অ্যাটাকে তাঁর মৃত্যু হয়েছে। [২৩]

## *গুম*

১৭. পতিত কর্তৃত্ববাদী সরকারের আমলে মূলত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা, তৎকালীন প্রতিরক্ষা উপদেষ্টা তারেক আহমেদ সিদ্দিক এবং সাবেক স্বরাষ্ট্রমন্ত্রীসহ আওয়ামী লীগ সরকারের জ্যেষ্ঠ কর্মকর্তারা গুমের নির্দেশদাতা ছিলেন।[২৪] এই সময়ে সারা দেশে গোপন বন্দিশালা তৈরি করে বিরোধী রাজনৈতিক নেতা-কর্মী, ভিন্ন মতাবলম্বী এবং 'জঙ্গি লেবেল দিয়ে' বেআইনীভাবে আটকে রাখা হতো। এসব গোপন বন্দিশালায় গুম করে রাখা ব্যক্তিদের ওপর চালানো হতো শারীরিক ও মানসিক নির্যাতন। গোপন বন্দিশালায় নির্যাতনের শিকার ব্যক্তিদের মধ্যে নারীরাও ছিলেন। তথাকথিত জঙ্গি বানিয়ে পর্দানসীন নারীদের তুলে নিয়ে তাঁদের দুই হাত দুইদিকে ক্রুসিফাইড হওয়ার মতো করে বেঁধে ঝুলিয়ে রাখা হতো। তারপর তাঁদের ওড়না কেড়ে নেয়া হতো এবং তাঁদের প্রতি বিভিন্ন ধরনের অবমাননাকর মন্তব্য করা হতো। আইন প্রয়োগকারী সংস্থার সেই সমস্ত পুরুষ সদস্যদের সেখানে নিয়োগ দেয়া হতো যারা ইসলাম বিদ্বেষী।[২৫] পতিত হাসিনা সরকার জঙ্গিবাদে জড়িত থাকার মিথ্যা অজুহাতে বহু মানুষকে গুম করেছিল, যাঁদের মধ্যে অনেক শিক্ষার্থীও ছিলেন। যে সমস্ত ভাগ্যবান শিক্ষার্থীরা বেঁচে ফিরতে পেরেছেন, তাঁদের বিভিন্ন সাজানো মামলায় দীর্ঘদিন কারাগারে বন্দি করে রাখা হয়েছিল। এই সব শিক্ষার্থীদের শিক্ষা জীবনকে ধ্বংস করে দেয়া হয়েছে।

- ২০২০ সালের ৮ জানুয়ারি আইন প্রয়োগকারী সংস্থার সদস্যরা খুলনা বিশ্ববিদ্যালয়ের মানব সম্পদ ব্যবস্থাপনা বিভাগের ১৭তম ব্যাচের শিক্ষার্থী নুর মোহাম্মদ অনিক ও পরিসংখ্যান বিভাগের ১৭তম ব্যাচের শিক্ষার্থী মোজাহিদুল ইসলামকে জঙ্গি ট্যাগ দিয়ে তুলে নিয়ে যায় আইন প্রয়োগকারী সংস্থার সদস্যরা। ১৭ দিন ধরে অজ্ঞাত জায়গায় গুম করে রেখে তাঁদের ওপর নির্যাতন চালানো হয়। এরপর ২৫ জানুয়ারি

---

[২২] র‍্যাব ও পিবিআই হেফাজতে দুই আসামির মৃত্যু , যুগান্তর ১৬ সেপ্টেম্বর ২০২৫; https://www.jugantor.com/tp-news/1003769
[২৩] বাগেরহাটে রিমান্ডে থাকা আসামির 'হৃদরোগে' মৃত্যু, সমকাল ২৬ সেপ্টেম্বর ২০২৫; https://samakal.com/whole-country/article/317573/
[২৪] ভিন্নমত প্রকাশকে 'নিরাপত্তা হুমকি' দেখত হাসিনা সরকার, যুগান্তর ১৮ জুন ২০২৫; https://www.jugantor.com/national/966953
[২৫] এমন পর্দাই করছে, এখন সব পর্দা ছুটে গেছে, আমার দেশ, ৯ জুলাই ২০২৫; https://www.dailyamardesh.com/national/amdfbpendgvww

২০২০-এ বিস্ফোরক আইনে মামলা দিয়ে আদালতের মাধ্যমে তাঁদের কারাগারে পাঠানো হয়। পাঁচ বছর তাঁরা খুলনা জেলা কারাগারে বন্দি ছিলেন। ৭ জুলাই ২০২৫-এ তাঁদের জামিন হয়। [২৬]

১৮. শেখ হাসিনার ১৫ বছরের শাসনামলে গুম থেকে ফেরা দুই শতাধিক ব্যক্তি লিখিত অভিযোগ করেছেন যে, উঠিয়ে নিয়ে গুম করার পর তাঁদের কাছ থেকে জোরপূর্বক স্বীকারোক্তি আদায়ে পুলিশের সঙ্গে ম্যাজিস্ট্রেটরাও যৌথভাবে ভূমিকা রেখেছেন। তাঁদের অধিকাংশই জানান, গুমের সময়কালে নির্যাতনের মাধ্যমে পুলিশের লিখে দেয়া স্বীকারোক্তিমূলক জবানবন্দিতে তাঁদের স্বাক্ষর করতে বাধ্য করা হয়েছিল।[২৭]

১৯. হাসিনার শাসনমলে জঙ্গি নাটক সাজানোর জন্য ধার্মিক মুসলমানদের প্রথমে উঠিয়ে নিয়ে গুম করা হতো এবং পরে জঙ্গি হিসেবে তাঁদের আটক দেখিয়ে গণমাধ্যমের সামনে হাজির করা হতো বলে অভিযোগ রয়েছে। গুমের শিকার হয়ে ফিরে আসা এমন ব্যক্তিরা নতুন চাপের মধ্যে রয়েছেন বলে জানা গেছে।

- যেমন দুইজন ভুক্তভোগী মুফতি মো. যায়েদুর রহমান এবং ইকবাল হোসেন সরকার জানান, তাঁদের অচেনা ফোন নম্বর থেকে ভয় দেখানো হচ্ছে। বলা হচ্ছে, তাঁরা যেন গুমের ঘটনার বিষয়ে মুখ না খোলেন এবং কোন অভিযোগ না করেন।[২৮]

২০. ২০২৫ সালের জুনে জাতিসংঘের ওয়ার্কিং গ্রুপ অন এনফোর্সড অর ইনভলান্টারি ডিজঅ্যাপিয়ারেন্সেস (ডব্লিউজিইআইডি) এর একটি প্রতিনিধি দল  বাংলাদেশ সফর করেন। প্রতিনিধি দলটি বাংলাদেশে জোরপূর্বক গুম বিষয়ে বিদ্যমান উদ্বেগ এবং এই ক্ষেত্রে করণীয় সংক্রান্ত সুপারিশসহ প্রতিবেদন প্রকাশ করে। ডব্লিউজিইআইডি তাদের সুপারিশে নিরাপত্তা খাত সংস্কারের অংশ হিসেবে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নকে (র‍্যাব) বিলুপ্তির বিষয়টি বিবেচনার জন্য সরকারের প্রতি জোরালো আহ্বান জানায়। র‍্যাবের যেসব সদস্য গুমের সঙ্গে জড়িত নন, তাঁদের নিজ নিজ ইউনিটে ফেরত নেয়ার বিষয়েও প্রতিবেদনে আহ্বান জানানো হয়। পাশাপাশি প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরকে (ডিজিএফআই) কেবল সামরিক গোয়েন্দা কার্যক্রমের মধ্যে সীমাবদ্ধ রাখার জন্য এবং সংস্থাটির আইনি কর্তৃত্ব স্পষ্টভাবে সজ্ঞায়িত এবং সীমিত করার জন্যও প্রতিবেদনে সুপারিশ করা হয়। [২৯]

২১. **জুলাই থেকে সেপ্টেম্বর পর্যন্ত সময়ে কোন গুমের ঘটনা ঘটার অভিযোগ পাওয়া যায়নি।**

## মৃত্যুদণ্ডের বিধান ও মানবাধিকার

২২. ২০২৪-এর ডিসেম্বরে জাতিসংঘ সাধারণ পরিষদে মৃত্যুদণ্ডের ওপর সাময়িক স্থগিতাদেশের প্রশ্নে অনুষ্ঠিত প্রস্তাবে প্রথমবারের মত বাংলাদেশ ভোটদানে বিরত থাকে। অতীতে বাংলাদেশ সব সময়ই মৃত্যুদণ্ডের বিধান স্থগিতের বিরুদ্ধে ভোট প্রদান করেছে। এই অগ্রগতি উৎসাহব্যঞ্জক, তবে এই প্রশ্নে বাংলাদেশকে আরো অনেক কিছু করতে হবে। এই তিন মাসে নিম্ন আদালত অনেক অভিযুক্তকে মৃত্যুদণ্ড দিয়েছে।

[২৬] পাঁচ বছর পরে মুক্তি পেলেন গুমের শিকার খুবির দুই শিক্ষার্থী, আমার দেশ ৮ জুলাই ২০২৫; https://www.dailyamardesh.com/bangladesh/khulna/amdeosyf0naqq

[২৭] জোরপূর্বক জবানবন্দি আদায়ে পুলিশের সঙ্গী ম্যাজিস্ট্রেটরাও, আমার দেশ ২৭ অগাস্ট ২০২৫; https://www.dailyamardesh.com/amar-desh-special/amdqdtjk3f5qn

[২৮] গুম থেকে ফিরে নতুন চাপে তাঁরা, আমার দেশ ২৭ জুলাই ২০২৫; https://www.dailyamardesh.com/amar-desh-special/amdwayakii1jo

[২৯] নিরাপত্তা খাতের সংস্কারে র‍্যাব বিলুপ্তি বিবেচনা করতে হবে, সমকাল ৯ জুলাই ২০২৫; https://samakal.com/bangladesh/article/304428/; Working Group on Enforced or Involuntary Disappearances Technical advice on Bangladesh, 25 June 2025, wgeid-technical-advice-bangladesh-june-202.pdf

বিকল্প সাজা দেয়ার বিধান থাকা সত্ত্বেও নিম্ন আদালতের সর্বোচ্চ শাস্তি দেয়ার প্রবণতা বিগত কর্তৃত্ববাদী শাসনামলের মতোই রয়েছে। আপিল শুনানীর ধীর গতির কারণে মৃত্যুদণ্ডপ্রাপ্ত বন্দিরা বছরের পর বছর কনডেমড্ সেলে মৃত্যুর প্রহর গুনছেন।

২৩. **চলতি বছরের জুলাই-সেপ্টেম্বর এই তিন মাসে নিম্ন আদালত কর্তৃক ৮২ জনকে মৃত্যুদণ্ডের রায় দেয়া হয়েছে।**

## কারাগার ও বন্দীদের মানবাধিকার

২৪. সারা দেশে ৭৪ টি কারাগারের বন্দী ধারণক্ষমতা ৪৩,১৫৭। কিন্তু ২০২৫ সালের ৩০ সেপ্টেম্বর পর্যন্ত বন্দি ছিল ৭৭০২৪ জন।[৩০] ২০২৪ সালে জুলাই গণআন্দোলনের সময় কারাগারে বন্দির সংখ্যা ছিল ৮৮ হাজার।[৩১] ৫ অগাস্ট শেখ হাসিনার পতনের পর জামিনে অনেক বন্দি বের হয়ে এলে ১২ অগাস্ট বন্দিদের সংখ্যা দাড়ায় ৪৯ হাজার। এরপর গণঅভ্যুত্থানে হতাহতের ঘটনায় আসামি গ্রেফতার হতে থাকলে অক্টোবর থেকে কারাগারে বন্দির সংখ্যা বাড়তে থাকে।[৩২] এছাড়া বিপুল সংখ্যক বন্দী বিনা বিচারে বছরের পর বছর কারাগারে আটক আছেন।[৩৩] ফলে বর্তমানে কারাগারগুলোতে ধারণক্ষমতার চেয়ে অনেক বেশি বন্দি থাকছে। গত ১৫ জুলাই হবিগঞ্জ কারাগার থেকে বিচার বা সাজা ছাড়াই ৩০ বছর কারাভোগ করে মানসিক ভারসাম্যহীন কানু মিয়া জামিনে মুক্ত হন। [৩৪] কানু মিয়ার মতো বহু বন্দি বহু বছর কারাগারে বন্দি আছেন। দেশে বর্তমানে দুই হাজারের মতো বন্দি রয়েছেন, যাঁরা ২০ বছরের বেশী সময় ধরে কারাগারে বন্দি আছেন। কারাবিধি অনুযায়ী, সরকার চাইলে তাঁদের বিশেষ বিবেচনায় মুক্তি দিতে পারে।[৩৫]



*৩০ বছর পর হবিগঞ্জ জেলা কারাগার থেকে মুক্তি পেয়েছেন কানু মিয়া। দুই ভাই ও কারারক্ষীদের মধ্যে (পাঞ্জাবি পরিহিত)। ছবি: প্রথম আলো ১৫ জুলাই ২০২৫*

[৩০] মো. জাহাঙ্গীর কবির, কারা উপমহাপরিদর্শক, কারা সদর দপ্তর। Over 77,000 inmates as prisons capacity exceed by 180pc, Prothom Alo English https://en.prothomalo.com/bangladesh/gad5odrdth

[৩১] মো. জাহাঙ্গীর কবির, কারা উপমহাপরিদর্শক, কারা সদর দপ্তর। Over 77,000 inmates as prisons capacity exceed by 180pc, Prothom Alo English https://en.prothomalo.com/bangladesh/gad5odrdth

[৩২] কারাগারগুলোতে এখন ৭৭ হাজার বন্দি, প্রথম আলো ২ অগাস্ট ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/hv2u4tvo11

[৩৩] বিচার ছাড়াই বন্দি বছরের পর বছর, সমকাল ৪ অগাস্ট ২০২৫; https://samakal.com/whole-country/article/308809/

[৩৪] বিচার-সাজা ছাড়াই ৩০ বছর কারাভোগ অতঃপর যেভাবে মিলল মুক্তি, আমার দেশ ১৫ জুলাই ২০২৫; https://www.dailyamardesh.com/bangladesh/sylhet/amdauuudadimh

[৩৫] ২০ বছর সাজা খাটা ২ হাজার কয়েদির মুক্তির সুযোগ, সমকাল ১৬ সেপ্টেম্বর ২০২৫; https://samakal.com/bangladesh/article/315891/

২৫. কারাগারগুলোতে দৈনিক খাবারে প্রয়োজনীয় পুষ্টির চেয়ে অনেক কম পাচ্ছেন বন্দিরা। এছাড়া চাহিদার থেকে কম এবং নিম্নমানের খাবার দেয়া হয় বন্দিদের। এত পুষ্টির ঘাটতি হওয়ায় রোগ প্রতিরোধ ক্ষমতা কমে যাচ্ছে এবং নানা রোগে আক্রান্ত হচ্ছেন তাঁরা।[৩৬] অসুস্থ কারাবন্দিদের চিকিৎসার জন্য কারাগারগুলোতে রয়েছে চিকিৎসক সংকট। প্রত্যেক কারাগারে রয়েছে হাসপাতাল। এগুলোতে চিকিৎসকের স্থায়ী পদ ১৪৮টি। তবে স্থায়ী চিকিৎসক আছেন মাত্র দুইজন। বিভিন্ন কারাগারে ৯৯ জন চিকিৎসক অস্থায়ীভাবে দায়িত্ব পালন করেন বাইরে থেকে যেয়ে।[৩৭] ফলে বন্দীরা হঠাৎ করে গুরুতর অসুস্থ হলে এবং তাঁদেরকে চিকিৎসা নিতে হলে দীর্ঘ প্রক্রিয়ার মধ্যে দিয়ে যেতে হয়। এই কারণে অনেক বন্দীর উপযুক্ত চিকিৎসার অভাবে মৃত্যু হয়। বেশীরভাগ বন্দি হৃদরোগে আক্রান্ত হয়ে মারা যাচ্ছেন বলে জানা গেছে।

২৬. গত ১৭ জুলাই চট্টগ্রাম কারা হেফাজতে কুকি চীন ন্যাশনাল ফ্রন্ট (কেএনএফ) সদস্য সন্দেহে গ্রেফতারকৃত ভান লাল রুয়াল বমের মৃত্যু হয়েছে। অভিযোগ করা হয়েছে, তিনি বিনা চিকিৎসায় মারা গেছেন।[৩৮] গত ২১ সেপ্টেম্বর গাইবান্ধা জেলা কারাগারে আওয়ামী লীগ নেতা আবু বক্কর সিদ্দিক অসুস্থ হয়ে হাসপাতালে মারা যান। সিদ্দিকের ছেলে সৌমিক অভিযোগ করেন, বিএনপি'র দলীয় কার্যালয়ে আগুন এবং ভাঙচুরের মামলায় তাঁর বাবাকে গ্রেফতার করা হয়। এই মামলায় জামিন পেলেও পুনরায় অন্য একটি মামলায় তাঁকে জেল গেট থেকে গ্রেফতার করা হয়। কারাগারে তাঁর বাবা অসুস্থ থাকা সত্ত্বেও তাঁকে যথাযথ চিকিৎসা দেয়া হয়নি। পরিবারের পক্ষ থেকে দেখা করার চেষ্টা করা হলেও তাঁর সাথে সাক্ষাৎ করতে দেয়নি কারা কর্তৃপক্ষ।[৩৯]

২৭. কারাকর্তৃপক্ষ অর্থের বিনিময়ে কারাগারে আটক আওয়ামী লীগের সাবেক মন্ত্রী-এমপিদের বিশেষ সুবিধা দিচ্ছেন বলে অভিযোগ পাওয়া গেছে। নোয়াখালী-৪ আসনের সাবেক এমপি একরামুল করিম চৌধুরী বর্তমানে নোয়াখালী জেলা কারাগারে বন্দি। কারাকর্তৃপক্ষ তাঁকে ডিভিশন দিয়েছে এবং অবৈধভাবে রুমে টাইলস লাগিয়ে সজ্জিত করেছে। কারাগারে এসি ব্যবহার করা সম্পূর্ণ বেআইনি হলেও একরামুল করিমের রুমে এসিও লাগানো হয়েছে। তার জন্য প্রতিদিন বাইরে থেকে খাবার সরবরাহ করা হয়। কারাগারে টাকার ব্যবহার নিষিদ্ধ হলেও একরাম গত কোরবানীর ঈদে ৭৭০ জন কয়েদি ও হাজতীকে ১০০০ টাকা করে বকশিস দিয়েছেন এবং দুটি গরু জবাই করে খাইয়েছেন ।[৪০]

২৮. **জুলাই থেকে সেপ্টেম্বর এই তিন মাসে ২৭ ব্যক্তি কারাগারে মৃত্যুবরণ করেছেন বলে জানা গেছে। প্রাপ্ত তথ্য মতে, এঁদের সবাই অসুস্থতাজনিত কারণে মৃত্যুবরণ করেছেন।**

[৩৬] ৮৫ হাজার কারাবন্দি ভুগছে পুষ্টি সংকটে, যুগান্তর ২৪ অগাষ্ট ২০২৫; https://www.jugantor.com/tp-lastpage/994107

[৩৭] দেশে বিভিন্ন কারাগারে পাঁচ বছরে ১৪১০ বন্দির মৃত্যু, সমকাল ৩০ সেপ্টেম্বর ২০২৫, https://samakal.com/bangladesh/article/318143

[৩৮] বম জাতিগোষ্ঠীর ৩ নাগরিকের কারা হেফাজতে মৃত্যুর বিচার বিভাগীয় তদন্ত দাবি ১৫৫ নাগরিকের , সমকাল ২ অগাস্ট ২০২৫; https://samakal.com/bangladesh/article/308541/

[৩৯] গাইবান্ধা কারাগারে হাজতির মৃত্যু, পরিবারের দাবি পরিকল্পিত হত্যা, মানবজমিন ২৩ সেপ্টেম্বর ২০২৫; https://mzamin.com/news.php?news=181305

[৪০] নোয়াখালী কারাগার যেন একরামের রাজপ্রাসাদ, মানবজমিন ২৬ সেপ্টেম্বর ২০২৫; https://mzamin.com/news.php?news=181823

# খ. জনগণের অধিকারের ওপর আক্রমণ

## *মিথ্যা মামলা*

২৯. ২০২৪ এর জুলাই গণঅভ্যুত্থানের পর হত্যা ও হত্যাচেষ্টার মামলায় প্রকৃত আসামি, সন্দিগ্ধ ব্যক্তির পাশাপাশি হয়রানিমূলকভাবে অনেককে আসামি করা হয়েছে। যাঁদের মধ্যে ব্যবসায়ী, পেশাজীবী ও অরাজনৈতিক ব্যক্তিও রয়েছেন। অনেক ক্ষেত্রেই পূর্বশত্রুতা, বিরোধ, ব্যবসায়িক দ্বন্দ্ব ও বাণিজ্যের উদ্দেশ্য থেকে এইসব মামলাগুলোর তদন্ত চলা অবস্থায় বাদী ও আইনপ্রয়োগকারী সংস্থার সদস্যরা অর্থ আদায়ের জন্য যে কাউকে আসামি করছেন বলে অভিযোগ রয়েছে।

- ঢাকা জেলার ধামরাই থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ মনিরুল ইসলাম প্রতিপক্ষের কাছ থেকে আট লক্ষ টাকা ঘুষ নিয়ে এজেন্ট ব্যাংকিং ব্যবসায়ী মিজানুর রহমানকে (যিনি কোন রাজনৈতিক দলের সঙ্গে সম্পৃক্ত নন) বৈষম্যবিরোধী আন্দোলনে আরিফুল ইসলাম সাদ হত্যা মামলায় আসামি করেছে বলে অভিযোগ পাওয়া গেছে। গত ২২ জুলাই পুলিশ মিজানুর রহমানকে গ্রেফতার করে ভুয়া ছাত্রলীগের পদবী দিয়ে তাঁকে আদালতে পাঠায়।[৪১]
- সম্পত্তি হাতিয়ে নেয়ার উদ্দেশ্যে বিএনপি সমর্থক ব্যবসায়ী আনোয়ারা বেগম (৬৭) কে আওয়ামী লীগ নেত্রী বানিয়ে তাঁর নিজ ছেলে তৌহিদ আনোয়ার অভিক তাঁকে জুলাই গণঅন্দোলনে সংঘটিত চারটি হত্যা মামলার আসামি করে। পুলিশ আনোয়ারা বেগমকে গ্রেফতার করে আদালতের মাধ্যমে কারাগারে পাঠায়।[৪২]
- ঢাকা জেলার সাভারের আশুলিয়ায় সম্পত্তি নিয়ে ভাইয়ের সঙ্গে বিরোধের জেরে ব্যবসায়ী আমির হোসেন সরকারকে (৫৪) তাঁর মেজো ভাই এমারত হোসেন পুলিশকে ম্যানেজ করে বৈষম্যবিরোধী আন্দোলনে নিহত বার্নিশ মিস্ত্রি মুজাহিদ হত্যা মামলায় জড়িয়ে দেন। গত ১৪ অগাস্ট আশুলিয়া থেকে ঢাকা জেলা গোয়েন্দা পুলিশ আমির হোসেন সরকারকে গ্রেফতার করে। [৪৩]

## *সভা-সমাবেশের অধিকার*

৩০. এই তিন মাসে সভা-সমাবেশ করার অধিকার লঙ্ঘিত হয়েছে। এই সময়ে রাজনৈতিক দল ও বিভিন্ন দাবি-দাওয়া নিয়ে আন্দোলনকারী বিভিন্ন সংগঠনের সভা-সমাবেশ ও মিছিলে পুলিশ বাধা দেয়। এছাড়া বিএনপির নেতা-কর্মীরা অন্য রাজনৈতিক দলের ওপর হামলা করেছে বলে অভিযোগ পাওয়া রয়েছে।

- গত ১৯ জুলাই কক্সবাজারের চকরিয়ায় জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)র পথসভার জন্য তৈরি মঞ্চ বিএনপি ও ছাত্রদলের নেতাকর্মীরা হামলা চালিয়ে ভেঙ্গে দেয় বলে অভিযোগ রয়েছে।[৪৪]

---

[৪১] ধামরাইয়ে টাকার বিনিময়ে ব্যবসায়ীকে ফাঁসালেন ওসি, যুগান্তর ৭ অগাস্ট ২০২৫; https://www.jugantor.com/tp-second-edition/987295

[৪২] বৈষম্যবিরোধী ছাত্র হত্যা মামলায় জেল খাটছেন ৬৭ বছর বয়সী নারী, মানবজমিন ২৪ অগাস্ট ২০২৫; https://mzamin.com/news.php?news=176902

[৪৩] সাভারে ব্যবসায়ীকে বৈষম্যবিরোধী হত্যা মামলায় ফাঁসানোর অভিযোগ, আমার দেশ ২৬ অগাস্ট ২০২৫; https://images.dailyamardesh.com/cropped-images/image_sl3_row2_date_26-08-2025_edition_2_page2_975396_954709_updated_watermarked_3ffed38a-2f1c-4e81-935e-81cfe4b66837.jpg

[৪৪] চকরিয়ায় এনসিপির পথসভা মঞ্চ ভেঙ্গে দিয়েছে বিএনপি, প্রথম আলো ১৯ জুলাই ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/pv13w50286



*চকরিয়া শহরে এনসিপির পথসভা মঞ্চ ভাঙচুর করা হয়। ছবি: প্রথম আলো ১৯ জুলাই ২০২৫*

- গত ২০ অগাস্ট কক্সবাজারের উখিয়ায় চাকরিচ্যুত ৪০/৫০ জন শিক্ষক শান্তিপূর্ণ বিক্ষোভ সমাবেশ করছিলেন। এক পর্যায়ে পুলিশ এসে বিক্ষোভকারী শিক্ষকদের সরে যেতে নির্দেশ দেয়। কিন্তু শিক্ষকরা সরে যেতে না চাইলে পুলিশ তাঁদের ওপর লাঠিচার্জ করে এবং ছাত্র প্রতিনিধিসহ ১০ জনকে আটক করে।[৪৫]



K·evRv‡ii DwLqvq cywj‡ki nv‡Z AvUK ‰elg¨we‡ivax QvÎ Av‡›`vjb K·evRv‡ii mgš^qK wRwbqv kviwgb wiqv| Qwe: *প্রথম আলো*, *২০ অগাস্ট ২০২৫*

## *সংবাদ মাধ্যমের স্বাধীনতা*

৩১. এই তিন মাসে সাংবাদিকদের বিরুদ্ধে বিভিন্ন ধরনের নিপীড়নের ঘটনা ঘটেছে। এই সময়ে একজন সাংবাদিককে চাঁদাবাজরা হত্যা করেছে বলে অভিযোগ রয়েছে। এছাড়া বিএনপি ও তার অঙ্গ সংগঠনের

---

[৪৫] উখিয়ায় চাকরিচ্যুত শিক্ষকদের বিক্ষোভে পুলিশের লাঠিচার্জ , আটক ১০, নয়াদিগন্ত, ২০ অগাস্ট র২০২৫; https://dailynayadiganta.com/bangladesh/country-news/Dvy5cv9lT0RM

নেতা-কর্মীদের বিরুদ্ধে চাঁদাবাজির সংবাদ প্রকাশ করায় সাংবাদিকদের ওপর হামলা[৪৬] ও মামলা, তথ্য চাওয়ায় প্রশাসন কর্তৃক সাংবাদিককে আটক করা[৪৭], তাঁদের লাঞ্ছিত করা,[৪৮] সাংবাদিক সমিতি অফিস ভাঙচুর,[৪৯] মামলা দায়ের[৫০] ও হুমকিসহ[৫১] বিভিন্ন নিপীড়নের অভিযোগ পাওয়া গেছে।

- গত ৬ অগাস্ট গাজীপুর মহানগরীর সদর থানার পাশে দৈনিক বাংলাদেশের আলো পত্রিকার গাজীপুরে কর্মরত সাংবাদিক আনোয়ার হোসেন সৌরভকে চাঁদাবাজি নিয়ে প্রতিবেদন প্রকাশ করায় ক্ষুব্ধ হয়ে স্থানীয় চাঁদাবাজরা পিটিয়ে মারাত্মকভাবে আহত করে। সৌরভকে গুরুতর আহত অবস্থায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়।[৫২]
- গত ৭ অগাস্ট গাজীপুর মহানগরীর চান্দনা চৌরাস্তায় মসজিদ মার্কেটের সামনে দৈনিক প্রতিদিনের কাগজ পত্রিকার গাজীপুরের স্টাফ রিপোর্টার আসাদুজ্জামান তুহিনকে একদল সশস্ত্র দুর্বৃত্ত কুপিয়ে হত্যা করে বলে অভিযোগ পাওয়া গেছে। গত ৩১ জুলাই আসাদুজ্জামান তুহিন ফুটপাতে চাঁদাবাজি নিয়ে ফেসবুকে লাইভ করেন।[৫৩]
- চাঁদাবাজির সংবাদ প্রকাশ করায় কুমিল্লা জেলা আমার দেশ প্রতিনিধি এম হাসানের বিরুদ্ধে গত ১০ অগাস্ট কুমিল্লার চিফ জুডিশিয়াল ম্যাজেস্ট্রেট আদালতে সদর উপজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক মাহাবুব আলী রাশেদ একটি মামলা দায়ের করেন।[৫৪]
- গত ১৯ সেপ্টেম্বর মানবজমিনের নওগাঁ জেলার নিয়ামতপুর উপজেলা প্রতিনিধি শাকিল হোসেন পেশাগত দায়িত্ব পালনকালে যুবদল নেতা এনামুল হকের নেতৃত্বে একদল দুর্বৃত্ত তাঁর ওপর হামলা করে এবং তাঁর ক্যামেরা ভেঙ্গে ফেলে। [৫৫]

৩২. **অধিকার এর সংগৃহীত তথ্য অনুযায়ী, জুলাই-সেপ্টেম্বর পর্যন্ত সাংবাদিকদের পেশাগত দায়িত্ব পালনের সময় ০১ জন নিহত, ৩৪ জন আহত, ১১ জন লাঞ্ছিত, ০৯ জন হুমকির শিকার ও ২০ জনের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে।**

---

[৪৬] আমার দেশ বদরগঞ্জ প্রতিনিধির ওপর সন্ত্রাসী হামলা, বাড়ি ভাঙচুর, আমার দেশ ২৪ জুলাই ২০২৫; https://www.dailyamardesh.com/bangladesh/rangpur/amd1nlypnybpz

[৪৭] এসিল্যান্ডের কাছে তথ্য চাইতে গিয়ে সাংবাদিক আটক, যুগান্তর ১৫ জুলাই ২০২৫; https://www.jugantor.com/country-news/978312

[৪৮] টঙ্গীতে চাঁদাবাজির ভিডিও করার সময় সাংবাদিক লাঞ্ছিত, নয়াদিগন্ত ১২ জুলাই ২০২৫; https://dailynayadiganta.com/bangladesh/country-news/hCr3Ddqqe7Gh

[৪৯] ছাত্রদলকর্মীর নেতৃত্বে হাবিপ্রবিতে সাংবাদিক সমিতির অফিস ভাঙচুর, নয়াদিগন্ত, ১ জুলাই ২০২৫; https://dailynayadiganta.com/bangladesh/education-campus/1lIfyqHKVwAh

[৫০] বাক্ষনবাড়িয়ায় সাংবাদিক সমাবেশে মামলা-গ্রেপ্তারের তীব্র প্রতিবাদ, মানবজমিন ২৬ আগস্ট ২০২৫; https://m.mzamin.com/news.php?news=177179

[৫১] পটুয়াখালীতে বিএপি নেতার বিরুদ্ধে সাংবাদিককে হত্যার হুমকির অভিযোগ পাওয়া গেছে, প্রথম আলো ২৯ জুলাই ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/egp98p55ko

[৫২] গাজীপুরে থানার পাশে মব তৈরি করে সাংবাদিককে নির্যাতন, মানবজমিন ৮ অগাস্ট ২০২৫; https://mzamin.com/news.php?news=174450

[৫৩] গাজীপুরে সাংবাদিককে কুপিয়ে হত্যা, মানবজমিন ৮ অগাস্ট ২০২৫; https://mzamin.com/news.php?news=174467

[৫৪] যুবদল নেতার চাঁদাবাজি প্রকাশ করায় সাংবাদিকের নামে মামলা, আমার দেশ ১০ সেপ্টেম্বর ২০২৫; https://images.dailyamardesh.com/cropped-images/image_sl2_row1_date_10-09-2025_edition_2_page15_740195_175789_updated_watermarked_5bfcb161-964b-4a55-af23-c2a3de414531.jpg

[৫৫] নিয়ামতপুরে মানবজমিন পত্রিকার সাংবাদিকের ওপরে হামলা, মানবজমিন ২ সেপ্টেম্বর ২০২৫; https://mzamin.com/news.php?news=180993

## গণপিটুনী দিয়ে হত্যা ও সহিংসতা

৩৩. এই সময়ে ব্যাপকভাবে উচ্ছৃঙ্খল জনতা কর্তৃক দলবদ্ধভাবে সহিংসতা সৃষ্টি করে আইন নিজের হাতে তুলে নেয়ার প্রবণতা বৃদ্ধি পেয়েছে। কর্তৃত্ববাদী হাসিনার শাসনামলে পুলিশকে দলীয় স্বার্থে ব্যবহার করে তাদের দায়মুক্তি ভোগ করার সুযোগ করে দেয়া হয়। এই কারণে পুলিশ সেই সময় আন্দোলনরত বিরোধী দলের নেতা-কর্মীদের ওপর হত্যা ও নির্যাতন চালায়। জুলাই গণআন্দোলনের সময় পুলিশ ছাত্র-জনতার ওপর নির্বিচারে গুলি চালিয়ে অনেককে হত্যা ও আহত করে । ৫ অগাস্ট ২০২৪ শেখ হাসিনা ভারতে পালিয়ে গেলে প্রতিষ্ঠান হিসেবে পুলিশ বাহিনী অকার্যকর হয়ে পড়ে এবং তাদের মনোবল ভেঙ্গে যায়। ফলে উচ্ছৃংখল জনতার তৎপরতা বন্ধে পুলিশের সক্ষমতার অভাব ব্যাপকভাবে পরিলক্ষিত হচ্ছে এবং হতাহতের ঘটনা ঘটছে।

- জুলাই থেকে সেপ্টেম্বর পর্যন্ত সারাদেশে উচ্ছৃংখল জনতা কর্তৃক অনেকগুলো সহিংসতার ঘটনা ঘটে। গত ১২ জুলাই দিনাজপুরের হাকিমপুরে চুরির অপবাদ দিয়ে রাসেল নামে এক যুবককে বাড়ি থেকে ধরে এনে,[৫৬] গত ২২ জুলাই গাজীপুরের কালীগঞ্জে শান্ত নামে এক ব্যক্তিকে গরুচোর সন্দেহে,[৫৭] গত ১০ অগাস্ট রংপুরের তারাগঞ্জে রিকশা ভ্যান চুরির সন্দেহে রূপলাল দাস এবং তাঁর ভাগনির স্বামী প্রদীপ দাসকে,[৫৮] গত ১১ অগাস্ট মাগুরা সদরে সজল মোল্লা নামে এক যুবককে চোর সন্দেহে [৫৯] গণপিটুনি দিয়ে হত্যা করা হয়।
- গত ২২ অগাস্ট চট্টগ্রামের ফটিকছড়িতে চুরির অভিযোগে তিন কিশোরকে সেতুর সঙ্গে বেঁধে গণপিটুনী দিলে মোহাম্মদ রিহান মাহিন (১৫) নামে এক কিশোর নিহত হন[৬০] এবং গত ৬ সেপ্টম্বর নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জে ছিনতাইকারী সন্দেহে সাজ্জাদ হোসেন নামে এক প্রতিবন্ধী যুবককে গণপিটুনি দিয়ে হত্যা করা হয়।[৬১] গত ১০ সেপ্টেম্বর ঢাকার মোহাম্মদপুরে ছিনতাইকারী সন্দেহে চার যুবককে গণপিটুনি দেয় বিক্ষুদ্ধ জনতা। এতে হানিফ ও সুজন নামে দুই জন মারা যান।[৬২] গত ১৩ সেপ্টেম্বর গাজীপুরের কাপাসিয়ায় মোজাম্মেল এবং ফেনী সদরে মনসুর আহমেদকে চোর সন্দেহে গণপিটুনি দিয়ে হত্যা করা হয়।[৬৩]

৩৪. **জুলাই থেকে সেপ্টেম্বর পর্যন্ত ৪৫ জন গণপিটুনির শিকার হয়ে নিহত হন।**

---

[৫৬] এবার দিনাজপুরে যুবককে পিটিয়ে হত্যা, গ্রেফতার ২, সমকাল ১৩ জুলাই ২০২৫; https://samakal.com/whole-country/article/305086

[৫৭] কালীগঞ্জে গরুচোর সন্দেহে গণপিটুনিতে নিহত১; আহত ৩, মানবজমিন ২৩ জুলাই ২০২৫; https://mzamin.com/news.php?news=171834

[৫৮] রংপুরে দুজনকে পিটিয়ে হত্যা, সমকাল ১১ অগাস্ট ২০২৫; https://samakal.com/whole-country/article/309993/

[৫৯] এবার গাজীপুর, মাগুরায় দুই যুবককে পিটিয়ে হত্যা, সমকাল ১২ অগাস্ট ২০২৫; https://samakal.com/bangladesh/article/310099/

[৬০] সেতুতে বেঁধে ৩ কিশোরকে গণপিটুনি, একজনের মৃত্যু, প্রথম আলো ২২ অগাস্ট ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/xcr7abra8h

[৬১] ছিনতাইকারী সন্দেহে প্রতিবন্ধী যুবককে পিটিয়ে হত্যা, সমকাল ৮ সেপ্টেম্বর ২০২৫; https://samakal.com/whole-country/article/314496/

[৬২] ছিনতাইকারী সন্দেহে দুজনকে পিটিয়ে হত্যা, প্রথম আলো ১১ সেপ্টেম্বর ২০২৫; https://epaper.prothomalo.com/Home/ShareArticle?OrgId=11940b91988&eid=1&imageview=0&epedate=11/09/2025&sedId=1

[৬৩] গাজীপুর, ফেনীতে গণপিটুনিতে নিহত ২, সমকাল ১৫ সেপ্টেম্বর ২০২৫; https://epaper.samakal.com/nogor-edition/2025-09-15/16/3661

## রাজনৈতিক সংগঠন

৩৫. অন্তর্বর্তীকালিন সরকারের এই তিন মাসেও রাজনৈতিক সহিংসতা ও দুর্বৃত্তায়ন অব্যাহত ছিল। সারা দেশে চাঁদাবাজি সংক্রান্ত অনেকগুলো অভিযোগ পাওয়া গেছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)[৬৪] এর নেতা-কর্মীদের বিরুদ্ধে। এছাড়াও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের এবং জামায়াতে ইসলামীর নেতা-কর্মীদের বিরুদ্ধেও অভিযোগ এসেছে। এইসব চাঁদাবাজির শিকার হয়েছেন ক্ষুদ্র[৬৫] থেকে বড় ব্যবসায়ী পর্যন্ত। ক্ষমতাচ্যুত এবং বেআইনি হওয়া আওয়ামী লীগ বা এর অঙ্গ সংগঠনের নেতা-কর্মীদের পুলিশে ধরিয়ে দেয়ার ভয় দেখিয়ে তাদের কাছ থেকে চাঁদা আদায় করা হয়েছে বলেও অভিযোগ পাওয়া গেছে।[৬৬]

- চাঁদা আদায় নিয়ে দ্বন্দ্বে পুরানো ঢাকায় লাল চাঁদ ওরফে সোহাগ নামে এক ভাঙাড়ি ব্যবসায়ীকে ডেকে এনে প্রকাশ্যে রাস্তায় পিটিয়ে এবং ইঁট-পাথরের টুকরা দিয়ে মাথাসহ শরীরের বিভিন্ন অংশ থেঁতলে দিয়ে তাঁকে হত্যা করে যুবদল, ছাত্রদল এবং স্বেচ্ছাসেবক দলের  নেতা-কর্মীরা।[৬৭] চট্টগ্রামে আওয়ামী লীগ নেতাদের ছেলে বা মেয়ের বিয়েতে চাঁদা আদায়ের জন্য হাঙ্গামা তৈরি করার একাধিক অভিযোগ পাওয়া গেছে বৈষম্যবিরোধী ছাত্র নেতার বিরুদ্ধে।[৬৮] চাঁদা না দেয়ায় ঢাকার যাত্রাবাড়ি এলাকায় শরিয়তপুরগামী একাধিক বাস ভাঙচুর ও শ্রমিকদের ওপর হামলার অভিযোগ পাওয়া গেছে এক যুবদল নেতার বিরুদ্ধে।[৬৯]
- লালমনিরহাটে চাঁদাবাজির অভিযোগে উপজেলা প্রশাসন দুই চাঁদাবাজকে এক মাসের কারাদণ্ড দিলে বিএনপি নেতাকর্মীরা পাটগ্রাম থানা আক্রমণ করে থানা ভাঙচুর করে এবং দুই চাঁদাবাজকে ছিনিয়ে নেয়।[৭০] কুষ্টিয়ায় চাঁদা তোলা নিয়ে বিএনপি এবং জামায়াতে ইসলামীর নেতা-কর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে।[৭১] চট্টগ্রামে বিএনপি ও এর অঙ্গসংগঠনের নেতাকর্মীদের সঙ্গে ছাত্রশিবিরের সংঘর্ষে ২০ জন আহত হয়।[৭২]
- বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক পরিচয় দিয়ে আওয়ামী লীগের সাবেক এমপি শাম্মী আহম্মেদের গুলশানের বাসায় চাঁদা আনতে গেলে পুলিশ বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের পাঁচ নেতাকর্মীকে গ্রেফতার

---

[৬৪] রাঙ্গাবালীতে বিএনপি নেতার বিরুদ্ধে চাঁদাবাজির অভিযোগ, মানবজমিন ১০ এপ্রিল ২০২৫; https://mzamin.com/news.php?news=155874, যুবদল নেতার বিরুদ্ধে চাঁদাবাজির অভিযোগ, সমকাল ৩ এপ্রিল ২০২৬; https://samakal.com/whole-country/article/288264/

[৬৫] দুই ছাত্রদল নেতার বিরুদ্ধে চাঁদা দাবির অভিযোগ, মানবজমিন ৬ জুলাই ২০২৫; https://m.mzamin.com/news.php?news=169222

[৬৬] 'তুই আওয়ামী লীগ করিস বাঁচতে হলে টাকা দে' সমকাল ৭ জুলাই ২০২৫; https://samakal.com/index.php/capital/article/304222/

[৬৭] শরীর থেঁতলে পিটিয়ে হত্যা করা হয় লাল চাঁদকে, প্রথম আলো ১২ জুলাই ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/crime/4o9z2gn0aq

[৬৮] বিয়ে বাড়িতে মব সৃষ্টির নেপথ্যে চাঁদাবাজি, যুগান্তর ৬ জুলাই ২০২৫; https://www.jugantor.com/tp-city/974440

[৬৯] যুবদল নেতাা ৫ কোটি টাকা চাঁদা চাওয়ায় বাস বন্ধ, আমার দেশ ১৩ জুলাই ২০২৫; https://images.dailyamardesh.com/cropped-images/image_sl528_row14_date_13-07-2025_edition_2_page2_671577_884535_edited__watermarked_c965993a-74aa-40a1-a354-2871dbf802a3.jpg

[৭০] থানা ভাঙচুর করে চাঁদাবাজদের ছিনিয়ে নিল বিএনপিকর্মীরা, আমার দেশ ৪ জুলাই ২০২৫; https://images.dailyamardesh.com/cropped-images/image_sl15_row14_date_04-07-2025_edition_2_page1_697783_334530_updated_watermarked_1cf6f8fc-8406-4900-8323-1ea2ba1de3eb.jpg, https://images.dailyamardesh.com/cropped-images/image_sl2_row1_date_04-07-2025_edition_2_page15_450558_862634_updated_watermarked_ce4e814c-26ed-40ed-bb16-c073983cb3ef.jpg

[৭১] কুষ্টিয়ায় সড়কে চাঁদা তোলা নিয়ে জামায়াত-বিএনপি'র সংঘর্ষ, আহত ২, মানবজমিন ১৭ জুলাই ২০২৫; https://mzamin.com/news.php?news=170862

[৭২] চাঁদাবাজি ইস্যুতে চট্টগ্রামে শিবির-বিএনপি সংঘর্ষ, ৩ গুলিবিদ্ধসহআহত ২০, মানবজমিন ২৩ জুলাই ২০২৫; https://mzamin.com/news.php?news=171872

করে।[৭৩] নাটোরের বড়াইগ্রাম উপজেলার আহম্মদপুর বাজারে চাঁদা না দেওয়ায় ১০টি দোকানঘরে তালা লাগিয়ে দখলে নেয়ার অভিযোগে জামায়াতে ইসলামীর নেতাসহ চারজনকে পুলিশ গ্রেফতার করেছে।[৭৪]

- ২০২৪ সালের ৫ অগাস্টের পর থেকে ২০২৫ সালের ১১ জুলাই পর্যন্ত দলীয় শৃঙ্খলা বিরোধী যেমন, দখল, চাঁদাবাজি ও দুর্বৃত্তায়নের অভিযোগে সারা দেশে সাড়ে ৪ হাজার নেতাকর্মীর বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছে বিএনপি।[৭৫]
- এই সময়ে বিএনপি ও এর অঙ্গ সংগঠনের নেতা-কর্মীদের বিরুদ্ধে উপজেলা নির্বাহী কর্মকর্তাকে হুমকি,[৭৬] বিদ্যালয়ে ঢুকে শিক্ষার্থী ও নারী কর্মকর্তাকে পেটানো,[৭৭] অবৈধভাবে বালু উত্তোলন,[৭৮] মাদক ব্যবসা,[৭৯] জমি দখলসহ,[৮০] ছাত্রলীগ ট্যাগ লাগিয়ে বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষার্থীদের ওপর হামলা,[৮১] মিছিলে না যাওয়ায় জামায়াত কর্মীকে মারধর[৮২]সহ বিভিন্ন ধরনের দুর্বৃত্তায়ন ও সহিংসতার অভিযোগ পাওয়া গেছে।

৩৬. ক্ষমতাচ্যুত আওয়ামী লীগের নেতাদের ছত্রচ্ছায়ায় পাড়া-মহল্লায় কিশোর গ্যাং গড়ে উঠেছিল। এই কিশোর গ্যাংএর সদস্যরা হত্যা, চাঁদাবাজি, ধর্ষণ, যৌন হয়রানিসহ বিভিন্ন অপকর্মের সঙ্গে জড়িত ছিল। ঠিক একইভাবে বর্তমানে বিএনপি নেতাদের ছত্রচ্ছায়ায় পাড়া-মহল্লায় কিশোর গ্যাং গড়ে উঠার অভিযোগ পাওয়া গেছে।

- গত ১৪ অগাস্ট পটুয়াখালীর বাউফলে বিএনপি নেতা আলী আজম চৌধুরীর ছত্রচ্ছায়ায় থাকা কিশোর গ্যাংএর সদস্যরা সুমন নামে এক পরিবহন সুপারভাইজারকে অপহরণ এবং মারপিট করে।[৮৩]
- গত ১ জুলাই ঢাকার মহাখালীতে জাকারিয়া হোটেলের ভিআইপি রুম না দেয়ায় বনানী যুবদলের নেতা মনিরের নেতৃত্বে একদল দুর্বৃত্ত হোটেলে হামলা চালায় এবং দুই জন নারীকে লাঞ্ছিত করে।[৮৪] গত ২ জুলাই লালমনিরহাট জেলার পাটগ্রামে পাথরমহালে রয়্যালটির নামে চাঁদা আদায়ের অভিযোগে ভাম্যমাণ আদালত ইজারাদারের দুই কর্মচারীকে দুই মাসের সাজা দেয়। এই ঘটনাকে কেন্দ্র করে পাটগ্রাম থানায় বিএনপির নেতা-কর্মীরা হামলা চালিয়ে ভাঙচুর করে এবং সাজাপ্রাপ্ত দুই আসামিকে ছিনিয়ে নিয়ে যায়। পাটগ্রাম থানায় ভাঙচুরের খবর পেয়ে হাতিবান্ধা থানা পুলিশ তাদের সহকর্মীদের উদ্ধার করার জন্য

---

[৭৩] সমন্বয়ক পরিচয়ে সাবেক এমপির বাসায় চাঁদাবাজির অভিযোগ, যুগান্তর ২৭ জুলাই ২০২৫; https://www.jugantor.com/todays-paper/983003
[৭৪] জামায়াত-বিএনপির ৩ জনসহ গ্রেফতার ৪, প্রথম আলো ৩০ জুলাই ২০২৫; https://epaper.prothomalo.com/Home/ShareArticle?OrgId=307c5485b86&eid=1&imageview=0&epedate=30/07/2025&sedId=1
[৭৫] সাড়ে ৪ হাজার নেতা-কর্মীর বিরুদ্ধে ব্যবস্থা, মানবজমিন ১২ জুলাই ২০২৫; https://mzamin.com/news.php?news=170094
[৭৬] ইউএনওকে পোষ্টার লাগাতে বললেন বিএনপি নেতা, সমকাল ৩১ জুলাই ২০২৫; https://samakal.com/whole-country/article/308212/
[৭৭] বিদ্যালয়ে ঢুকে শিক্ষার্থী ও নারী কর্মকর্তাকে পেটালেন যুবদল নেতা, মানবজমিন ২ জুলাই ২০২৫; https://mzamin.com/news.php?news=168548
[৭৮] ধলেশ্বরী থেকে বালু উত্তোলনের অভিযোগ ছাত্রদল-যুবদলের বিরুদ্ধে, আমার দেশ ১০ অগাস্ট ২০২৫; https://www.dailyamardesh.com/bangladesh/dhaka/amd77guzi5qxl
[৭৯] শরীরের বিশেষ স্থানে লুকিয়ে ইয়াবা পাচারের সময় টেকনাফে বিএনপি নেতা আটক, প্রথম আলো ১২ জুলাই ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/7svgd2i6c1
[৮০] সালথায় কথিত যুবদল নেতার বিরুদ্ধে জমি দখলের অভিযোগ, মানবজমিন ১১ জুলাই ২০২৫; https://mzamin.com/news.php?news=169933
[৮১] জবিতে শিক্ষক ও বাগছাস নেতাদের ওপর হামলা ছাত্রদলের, যুগান্তর, ১০ জুলাই ২০২৫; https://www.jugantor.com/campus/976308
[৮২] বাউফলে বিএনপির মিছিলে না যাওয়ায় জামায়াতকর্মীকে পেটানোর অভিযোগ, আমার কথা ৮ অগাস্ট ২০২৫; https://www.dailyamarkotha.com/country-1647
[৮৩] বিএনপি নেতার কিশোর গ্যাংয়ের তিনজন গ্রেফতার, সমকাল, ১৬ অগাস্ট ২০২৫; https://epaper.samakal.com/nogor-edition/2025-08-16/5/4289
[৮৪] মহাখালীতে যুবদল নেতার নেতৃত্বে হোটেলে নারীদের ওপর হামলা, আমার দেশ ৪ জুলাই ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/crime/ummw1fzh5v

পাটগ্রাম থানার উদ্দেশ্যে রওনা হলে ওই এলাকার বিএনপির নেতা-কর্মীরা পুলিশকে অবরুদ্ধ করে রাখে।[৮৫]

- গত ৩ জুলাই কুমিল্লার মুরাদনগরে রোকসানা বেগম (৫৩), তাঁর ছেলে রাসেল মিয়া (৩৫) এবং মেয়ে তাসপিয়া আক্তারকে কুপিয়ে ও পিটিয়ে হত্যা করা হয়। গত ২৮ জুলাই এই ঘটনার সাথে যুক্ত থাকার অভিযোগে পুলিশ মুরাদনগর উপজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক শাহ আলম সরকারকে গ্রেফতার করে।[৮৬] গত ১২ জুলাই রংপুরে সদর উপজেলায় এক ভূমিহীন পরিবারের পরিত্যক্ত খাস জমিতে তৈরী করা বাড়িতে আগুন দেয়া ও তাঁদের পুড়িয়ে হত্যা করার চেষ্টা করার অভিযোগ পাওয়া গেছে সদর উপজেলা মৎসজীবী দলের সদস্য সচিব মেজবাহুল হকসহ অন্যান্য বিএনপি নেতাদের বিরুদ্ধে।[৮৭]
- গত ২৬ সেপ্টেম্বর অবৈধ সরকারি সুবিধা ও চাঁদা না দেয়ায় পটুয়াখালী জেলার রাঙ্গাবালীর ছোট বাইশদিয়া ইউনিয়ন পরিষদ কার্যালয় ভাঙচুর করে উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক মোহাম্মদ বায়েজিদ আহম্মেদ কালু। উল্লেখ্য, কালু সরকারি প্রকল্প এবং জেলেদের সহায়তার চালসহ চাঁদা দাবী করে আসছিলেন।[৮৮]




*বনানী থানা যুবদলের আহ্বায়ক মনির হোসেনের নেতৃত্বে একদল ব্যক্তি জাকারিয়া হোটেলে ঢুকে নারীদের ওপর হামলা চালায়। ছবি: আমার দেশ ৪ জুলাই ২০২৫*

৩৭. এই সময়কালে বিএনপি নেতা-কর্মীদের সঙ্গে জামায়াতে ইসলামী এবং জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)র, আওয়ামী লীগের (কার্যক্রম নিষিদ্ধ) সঙ্গে এনসিপির এবং গণঅধিকার পরিষদের সঙ্গে জাতীয় পার্টির সংঘর্ষের ঘটনা ঘটেছে।

- গত ১৩ জুলাই কক্সবাজারে জামায়াতে ইসলামীর নেতা-কর্মীদের হামলায় রহিম উদ্দিন সিকদার নামে এক বিএনপি নেতা নিহত হয়েছেন।[৮৯] গত ১০ জুলাই বরগুনার পাথরঘাটায় ছাত্র শিবির ও ছাত্র দলের নেতাকর্মীদের মধ্যে বাকবিতণ্ডার জেরে জামায়াতে ইসলামীর পৌর আমির বজলুর রহমান ও কর্মী নাসির

[৮৫] উদ্ধারে যেতে বাধা দিতে পাশের থানা অবরুদ্ধ করেন বিএনপি কর্মীরা, প্রথম আলো ৫ জুলাই ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/gf4wpibwng

[৮৬] মুরাদনগরে ২ সন্তানসহ নারীকে হত্যা মামলায় বিএনপি নেতা গ্রেফতার, প্রথম আলো ২৯ জুলাই ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/n303oa3ui9

[৮৭] রংপুর ভূমিহীন পরিবারের ঘর পোড়াল বিএনপি নেতারা, আমার দেশ, ১৩ জুলাই ২০২৫; https://images.dailyamardesh.com/cropped-images/image_sl5_row4_date_13-07-2025_edition_2_page10_197667_442240_updated_watermarked_c5a33fbf-d313-4aa2-aa3d-f11b0d798d4f.jpg

[৮৮] মিছিল নিয়ে ইউনিয়ন পরিষদ ভাঙচুর যুবদল নেতার, মানবজমিন ২৭ সেপ্টেম্বর ২০২৫; https://mzamin.com/news.php?news=181883

[৮৯] কক্সবাজারে আহত বিএনপি নেতার মৃত্যু, সমকাল ১৫ জুলাই ২০২৫; https://samakal.com/whole-country/article/305588/

উদ্দিন চৌধুরীকে কুপিয়ে জখম করার অভিযোগ পাওয়া গেছে ছাত্র দলের নেতা অমিত হাচান শুভ ও তার সহযোগীদের বিরুদ্ধে।[৯০]

- গত ১৬ জুলাই গোপালগঞ্জ শহরের পৌর পার্কে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) এক সমাবেশের আয়োজন করে। এই দিন সমাবেশ ঠেকাতে আওয়ামী লীগ এবং এর অঙ্গসংগঠনের নেতা-কর্মীরা রাস্তায় মহড়া দেয় এবং সড়কের বিভিন্ন জায়গায় গাছ ফেলে প্রতিবন্ধকতা তৈরি করে। তারা পুলিশ সদস্যদের বহনকারী গাড়ী, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তার গাড়ী, এনসিপির সমাবেশস্থল, জেলা প্রশাসকের বাসভবন ও জেলা কারাগার চত্বরসহ বিভিন্ন স্থাপনা ও যানবাহনে হামলা করে। পুলিশ এসে পরিস্থিতি কিছুটা নিয়ন্ত্রণে নিলে এনসিপি নেতৃবৃন্দ সমাবেশে অংশ নেন। কিন্তু সমাবেশ শেষে ফেরার সময় এনসিপি নেতৃবৃন্দ হামলার শিকার হন এবং আওয়ামী লীগের নেতা-কর্মীদের অবরোধে পড়েন। এই সময় সারা শহরে সংঘর্ষ ছড়িয়ে পড়লে সেনাবাহিনী ও পুলিশের সঙ্গে আওয়ামী লীগের নেতা-কর্মীদের সংঘর্ষে চারজন নিহত ও পঞ্চাশের বেশী মানুষ আহত হন। পরে আইনপ্রয়োগকারী সংস্থা ও সেনাবাহিনীর সদস্যদের পাহারায় এনসিপির নেতৃবৃন্ধ গোপালগঞ্জ ছেড়ে আসেন।[৯১]
- গত ৩০ জুলাই কুমিল্লার মুরাদনগরে রাজনৈতিক আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে বিএনপি ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) নেতা-কর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনায় ৬৫ ব্যক্তি আহত হন।[৯২] গত ৭ অগাস্ট ঝিনাইদহে স্কুল কমিটি গঠন করা নিয়ে বিএনপি ও জামায়াতে ইসলামীর নেতা-কর্মীদের মধ্যে সংঘর্ষ ঘটলে নয় ব্যক্তি আহত হন।[৯৩] গত ২৭ অগাস্ট চট্টগ্রামের বাঁশখালী উপজেলায় আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে বিএনপি ও জামায়াতে ইসলামীর নেতা-কর্মীদের মধ্যে সংঘর্ষে ১৫ জন আহত হন।[৯৪]
- গত ২৯ অগাস্ট ঢাকাস্থ কাকরাইলে জাতীয় পার্টির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে দিয়ে গণঅধিকার পরিষদের একটি মিছিল যাওয়ার সময় উভয় দলের নেতা-কর্মীদের মধ্যে সংঘর্ষ হয়। এই সময় গণঅধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুর ও তাঁর দলের নেতা-কর্মীদের ওপর পুলিশ ও সেনাবাহিনীর সদস্যরা ব্যাপক লাঠিচার্জ করে। এতে নুরুল হক নুর গুরুতর আহত হন।[৯৫] এই ঘটনার প্রতিক্রিয়ায় গত ৩০ অগাস্ট ঢাকায় জাতীয় পার্টির কেন্দ্রীয় কার্যালয়সহ রাজশাহী, ঠাকুরগাঁও, গাইবান্ধা, খুলনাসহ আরও কয়েকটি জেলার জাতীয় পার্টির কার্যালয়ে হামলা, ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনা

[৯০] জামায়াতকর্মীকে কুপিয়ে জখমের অভিযোগ ছাত্রদল নেতার বিরুদ্ধে, আমার দেশ ১২ জুলাই ২০২৫; https://images.dailyamardesh.com/cropped-images/image_sl7_row6_date_12-07-2025_edition_1_page11_842384_868314_watermarked_c2837c9c-0430-48cb-9508-55d5144c6d7b.jpg
[৯১] গোপালগঞ্জে এনসিপির ওপর হামলা, সংঘর্ষ, নিহত ৪, প্রথম আলো ১৭ জুলাই ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/3x8hs9iao9
[৯২] মুরাদনগরে বিএনপি ও এনসিপি সমর্থকদের সংঘর্ষে আহত ৬৫, যুগান্তর ৩১ জুলাই ২০২৫; https://www.jugantor.com/tp-lastpage/984440
[৯৩] ঝিনাইদহে স্কুল কমিটি নিয়ে বিএনপি-জামায়াতের সংঘর্ষ, মানবজমিন ৮ অগাস্ট ২০২৫; https://mzamin.com/news.php?news=174449
[৯৪] বিএনপি-জামায়াতের দফায় দফায় সংঘর্ষ, আহত ১৫, সমকাল ২৮ অগাস্ট ২০২৫; https://epaper.samakal.com/nogor-edition/2025-08-28/4/7975
[৯৫] জাপা ও গণঅধিকার পরিষদের সংঘর্ষ, লাঠিপেটায় আহত নুর, সমকাল ৩০ অগাস্ট ২০২৫; https://samakal.com/politics/article/313128/

ঘটে।[৯৬] এরপর পুনরায় গত ৫ সেপ্টেম্বর গণঅধিকার পরিষদের নেতা-কর্মীরা একটি মিছিল নিয়ে এসে জাতীয় পার্টির কেন্দ্রীয় কার্যালয় ভাঙচুর করে এবং আগুন দেয়।[৯৭]

- উল্লেখ্য, আওয়ামী লীগ সরকার তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বাতিল করলে ২০১৪ সালের ৫ জানুয়ারিতে আওয়ামী লীগের অধীনে একটি বিতর্কিত ও প্রতারণামূলক নির্বাচন অনুষ্ঠিত হয়। বাংলাদেশের প্রায় সবকটি রাজনৈতিক দল এই নির্বাচন বয়কটের সিদ্ধান্ত নিলেও জাতীয় পার্টি নির্বাচনে অংশ নেয়। এরপর জাতীয় পার্টির সদস্যরা আওয়ামী লীগ সরকারের মন্ত্রীসভায় এবং একই সঙ্গে জাতীয় সংসদে বিরোধী দলে থেকে অদ্ভুত এবং অকার্যকর সংসদ গঠনে ভূমিকা পালন করে। এরপর থেকে ২০১৮ এবং ২০২৪ সালে আওয়ামী লীগের অধীনে বিতর্কিত, অবৈধ ও প্রতারণামূলক নির্বাচনে জাতীয় পার্টি অংশ নেয়। হাসিনা সরকারের পতন হলেও অগণতান্ত্রিক কার্যক্রমের সহযোগী হিসেবে আওয়ামী লীগের পাশাপাশি এর দোসর হিসেবে জাতীয় পার্টির কার্যক্রমকে নিষিদ্ধ ঘোষণার দাবি জানিয়ে আসছে বিভিন্ন দল ও সংগঠন।
- গত ২৭ জুলাই খাগড়াছড়ি জেলার দীঘিনালায় ক্ষুদ্র জাতিগোষ্ঠির দুই রাজনৈতিক সংগঠন জেএসএস ও ইউপিডিএফর মধ্যে সংঘর্ষে ৪ জন নিহত হন।[৯৮]
- গত ২৩ সেপ্টেম্বর খাগড়াছড়ি সদরে এক মারমা কিশোরীর ধর্ষণের শিকার হওয়ার অভিযোগকে কেন্দ্র করে জুম্ম ছাত্র-জনতা ব্যানারে সমাবেশ থেকে নিরাপত্তা বাহিনীর গাড়িবহরে হামলা চালানো হয়।[৯৯]
- গত ২৭ সেপ্টেম্বর খাগড়াছড়িতে অবরোধ কর্মসূচীকে কেন্দ্র করে ক্ষুদ্র জাতিগোষ্ঠির নাগরিকদের সঙ্গে বাঙালিদের ধাওয়া পাল্টা ধাওয়া এবং ভাঙচুরের ঘটনা ঘটে। প্রশাসন সদর উপজেলা ও পৌরসভা এলাকায় ১৪৪ ধারা জারী করলেও[১০০] ২৮ সেপ্টেম্বর খাগড়াছড়িতে অবরোধ কর্মসূচীতে পিকেটাররা ব্যাপক ভাঙচুর ও অরাজকতা করে। গুইমারা উপজেলার রামসু বাজার এলাকায় এইসময় ব্যাপক উত্তেজনা দেখা দেয়। সেনাবাহিনীর সদস্যরা তাঁদের নিবৃত্ত করতে গেলে ক্ষুদ্র জাতিগোষ্ঠির একদল সদস্যের সঙ্গে সংঘর্ষ হয় এবং এই সময় ক্ষুদ্র জাতিগোষ্ঠির তিন সদস্য গুলিতে নিহত হন। [১০১]

## *বিএনপি'র অভ্যন্তরীণ কোন্দল ও দুর্বৃত্তায়ণ*

৩৮. এই সময়ে বিএনপির নেতা-কর্মীদের অভ্যন্তরীণ কোন্দল ব্যাপক আকার ধারণ করে। এলাকায় আধিপত্য বিস্তার,[১০২] বালুমহাল দখল,[১০৩] দোকান দখল,[১০৪] ফেরীঘাটের ইজারা,[১০৫] কমিটি গঠন[১০৬] ও সম্মেলনকে[১০৭]

---

[৯৬] নুর পর্যক্ষেণে, কেন্দ্রীয়সহ জাপার ৬ কার্যালয়ে হামলা, সমকাল ৩১ অগাস্ট ২০২৫; https://samakal.com/bangladesh/article/313295/

[৯৭] জাপা কার্যালয়ে ফের ভাঙচুর অগ্নিসংযোগ, সমকাল (৬) ৫ সেপ্টেম্বর ২০২৫; https://samakal.com/politics/article/314226/

[৯৮] দীঘিনালায় জেএসএস ও ইউপিডিএফের মধ্যে গোলাগুলি, সমকাল ২৬ জুলাই ২০২৫; https://samakal.com/whole-country/article/307361/

[৯৯] খাগড়াছড়িতে নিরাপত্তা বাহিনীর গাড়িতে হামলা, যুগান্তর ২৭ সেপ্টেম্বর ২০২৫; https://www.jugantor.com/tp-lastpage/1008595

[১০০] অবরোধে পাল্টাপাল্টি ধাওয়া-ভাঙচুর, সদর ও গুইমারায় ১৪৪ ধারা, প্রথম আলো ২৮ সেপ্টেম্বর ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/5rlipc9y0k

[১০১] খাগড়াছড়িতে অবরোধ, আগুন গুলিতে নিহত ৩, মানবজমিন ২৯ সেপ্টেম্বর ২০২৫; https://mzamin.com/news.php?news=182284

[১০২] প্রতিপক্ষের হামলায় আহত ছাত্রদল কর্মীর মৃত্যু, যুগান্তর ১৭ জুলাই ২০২৫; https://www.jugantor.com/country-news/979161

[১০৩] রাউজানে দ্বন্দ্ব, খুনের পেছনে মাটির ব্যবসা বালুমহাল দখল, চাঁদা, সমকাল ৩১ জুলাই ২০২৫; https://samakal.com/whole-country/article/308139/, নিবলীতে বালুমহালের নিয়ন্ত্রণ নিয়ে বিএনপি যুবদলের সংঘর্ষ, আমার দেশ, ১৩ অগাস্ট ২০২৫; https://images.dailyamardesh.com/cropped-images/image_sl7_row6_date_13-08-2025_edition_2_page2_315063_786256_updated_watermarked_b1610414-6e60-4d8d-b5ae-8601c4c6fd4e.jpg

কেন্দ্র করে বিএনপির নেতা-কর্মীদের মধ্যে ব্যাপক সংঘাত-সংঘর্ষের ঘটনা ঘটে। এইসব সংঘর্ষে আগ্নেয়াস্ত্র ব্যবহার করা হয়েছে[১০৮]এবং সাধারণ মানুষসহ[১০৯] দলীয় নেতা-কর্মীরা[১১০] হত্যাকাণ্ডের শিকার হয়েছেন। অভ্যন্তরীণ সংঘাতে দলীয় কার্যালয়[১১১] এবং নিজের দলের নেতার বাড়ি ঘর ভাঙচুর ও অগ্নিসংযোগ করা হয়েছে।[১১২] নিজ দলের নেতাকে পরিকল্পনা করে ভাড়াটে খুনী দিয়ে হত্যা[১১৩] এবং নিজের দলের নেতার গাড়ী বহরে হামলা[১১৪] করেছে বিএনপির নেতা-কর্মীরা। এই সময় অনেক জায়গায় প্রশাসন ১৪৪ ধারা জারী করতে বাধ্য হয়।[১১৫] খুলনার পাইকগাছায় সম্মেলনকে কেন্দ্র করে অভ্যন্তরীণ কোন্দলের জেরে দলীয় কর্মীদের হাতে মারপিটের শিকার হয়ে বিএনপি নেতা মোশারফ হোসেন আত্মহত্যা করেন বলে অভিযোগ রয়েছে।[১১৬]

## *আওয়ামীলীগের দুর্বৃত্তায়ন ও দেশকে অস্থিতিশীল করার চেষ্টা*

৩৯. আওয়ামী লীগ এবং এর অঙ্গসংগঠন, সহযোগী সংগঠন ও ভ্রাতৃপ্রতিম সংগঠনের নেতা-কর্মীদের যাবতীয় কর্মকাণ্ড নিষিদ্ধ ঘোষণা[১১৭] হলেও দেশের বিভিন্ন জায়গায় আওয়ামী লীগের নেতা-কর্মীরা বিভিন্ন ধরনের সহিংসতা চালাচ্ছে।[১১৮]

---

[১০৪] সিংড়ায় যুবদল নেতার বিরুদ্ধে জোরপূর্বক দোকান দখলের অভিযোগ , মানবজমিন ২২ সেপ্টেম্বর ২০২৫; https://mzamin.com/news.php?news=181126

[১০৫] বিএনপি দু'পক্ষের বিরোধে ১৫ ঘন্টা ফেরি বন্ধ, দুর্ভোগ, সমকাল ১৮ জুলাই ২০২৫; https://samakal.com/whole-country/article/306065/

[১০৬] জামালগঞ্জে বিএনপি'র দু'গ্রুপের সংঘর্ষে নারীসহ আহত অর্ধশতাধিক, মানবজমিন ১৪ অগাস্ট ২০২৫; https://mzamin.com/news.php?news=175317

[১০৭] বালিয়াডাঙ্গীতে মির্জা ফখরুলের ভাইয়ের ওপর হামলা, যুগান্তর ১৩ জুলাই ২০২৫; https://www.jugantor.com/tp-second-edition/977344

[১০৮] নরসিংদীতে বিএনপির দুই গ্রুপে সংঘর্ষ, দুজন গুলিবিদ্ধ, আমার দেশ ১৮ অগাস্ট ২০২৫; https://dailynayadiganta.com/bangladesh/country-news/1GdEmKcHV0sk, মুন্সীগঞ্জে বিএনপির দুপক্ষের সংঘর্ষে গুলিবিদ্ধ ৮, আমার দেশ ৬ সেপ্টেম্বর ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/6izwzha9yj

[১০৯] মুক্তাগাছায় ছাত্রদল নেতার হামলায় অটোচালক নিহত, প্রথম আলো ১৩ অগাস্ট ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/3pk8l32n5h

[১১০] জামালগঞ্জে বিএনপির'র দু'পক্ষের সংঘর্ষ নিহত ১, আহত ১৫, মানবজমিন ২০ সেপ্টেম্বর ২০২৫; https://mzamin.com/news.php?news=180868

[১১১] সাদুল্লাপুরে বিএনপির দুই গ্রুপে সংঘর্ষ , দলীয় কার্যালয় ভাঙচুর, মানবজমিন ১ সেপ্টেম্বর ২০২৫; https://mzamin.com/news.php?news=178055

[১১২] যুবদলের দুই পক্ষে সংঘর্ষে নিহত ১, প্রথম আলো ২২ অগাস্ট ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/rmtjfuicc2

[১১৩] যশোরে কৃষক দল নেতা হত্যায় বিএনপি নেতা, আমার দেশ ১১ সেপ্টেম্‌টবর ২০২৫; https://www.dailyamardesh.com/amar-desh-special/amdjsmdhla7da

[১১৪] চট্টগ্রামের বিএনপির দুপক্ষের রক্তক্ষয়ী সংঘর্ষের পর কমিটি বিলুপ্ত, আমার দেশ ৩০ জুলাই ২০২৫; https://images.dailyamardesh.com/cropped-images/image_sl9_row8_date_30-07-2025_edition_2_page16_418672_182492_updated_watermarked_2c265eb3-f9c0-4642-b0df-7095db5aaf20.jpg, https://images.dailyamardesh.com/cropped-images/image_sl4_row3_date_30-07-2025_edition_2_page15_876401_104711_updated_watermarked_fc6f2c51-30c0-40bd-9d1f-9b0b4b3d831c.jpg

[১১৫] রাজাপুরে একই সময়ে বিএরনপি'র দু'গ্রুপের সভা, ১৪৪ ধারা জারি, মানবজমিন ১৪ অগাস্ট ২০২৫; https://mzamin.com/news.php?news=175385, খুলনায় বিএনপি'র দু'গ্রুপের সভা আহ্বান ১৪৪ ধারা জারি, মানবজমিন, ২০ সেপ্টেম্বর ২০২৫; https://mzamin.com/news.php?news=180900

[১১৬] দলীয় কর্মীদের হাতে মারপিটের শিকার ক্ষোভে আত্মহত্যা বিএনপি নেতার, মানবজমিন ২২ সেপ্টেম্বর ২০২৫; https://mzamin.com/news.php?news=181205

[১১৭] অন্তর্বর্তীকালীন সরকার এক গেজেটের মাধ্যমে সন্ত্রাসবিরোধী (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ এবং সন্ত্রাসবিরোধী আইন, ২০০৯ এর ধারা-১৮(১) এ প্রদত্ত ক্ষমতাবলে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে বাংলাদেশ আওয়ামী লীগ এবং এর সকল অঙ্গসংগঠন, সহযোগী সংগঠন ও ভ্রাতৃপ্রতিম সংগঠনের নেতা-কর্মীদের বিরুদ্ধে বিচারকার্য সম্পন্ন না হওয়া পর্যন্ত আওয়ামী লীগ এবং এর সকল অঙ্গসংগঠন, সহযোগী সংগঠন ও ভ্রাতৃপ্রতিম সংগঠনের নেতা-কর্মীদের যাবতীয় কর্মকাণ্ড নিষিদ্ধ ঘোষণা করে।

- আওয়ামী লীগের যেসব নেতা-কর্মী ভারতে অবস্থান করছে, তারা দেশকে অস্থিতিশীল করার জন্য নানামুখী ষড়যন্ত্র করছে বলে অভিযোগ রয়েছে।[১১৯] এই ষড়যন্ত্রের অংশ হিসেবে গত ৮ জুলাই ঢাকার বসুন্ধরা আবাসিক এলাকায় অবস্থিত কেবি কনভেনশন সেন্টারে নিষিদ্ধ আওয়ামী লীগ ও এর অঙ্গ সংগঠনের নেতা-কর্মী এবং অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীরা এক গোপন বৈঠক করে। বৈঠকে সিদ্ধান্ত হয়, ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশ পাওয়ার পর সারা দেশ থেকে লোকজন জড়ো করে, ঢাকার শাহবাগ মোড় দখল করে, অস্থিতিশীল পরিস্থিতি এবং জনগনের মনে আতঙ্ক সৃষ্টি করে দেশে শেখ হাসিনার প্রত্যাবর্তন নিশ্চিত করা হবে। এই বৈঠকে মেজর সাদিক নামে এক সেনা কর্মকর্তা আওয়ামী লীগের নেতাকর্মীদের নাশকতার বিষয়ে প্রশিক্ষণ দিয়েছেন বলে অভিযোগ রয়েছে। পুলিশ এই ঘটনায় ২২ জনকে গ্রেফতার করে। অভিযুক্ত মেজর সাদিক সেনাবাহিনীর হেফাজতে আছেন।[১২০] ২২ জুলাই মেহেদী হাসান আরিফ ও আরিফুর রহমান রাজা নামে ছাত্রলীগের দুই নেতাকে হাতে তৈরি বোমার বিস্ফোরণ ঘটানোর প্রাক্কালে পুলিশ গুলিস্তান এলাকা থেকে গ্রেফতার করে।[১২১]
- গত ১১ অগাস্ট রাতে চট্টগ্রামে নিষিদ্ধ-ঘোষিত আওয়ামী লীগের নেতা-কর্মীরা ঝটিকা মিছিল বের করে। এই সময় মিছিল থেকে পুলিশের এস আই আবু সাঈদ রানাকে কুপিয়ে জখম করা হয়।[১২২] গত ১৫ সেপ্টেম্বর ফরিদপুরের ভাঙ্গায় সংসদীয় আসন পুনর্বিন্যাসের প্রতিবাদে উপজেলা পরিষদ এবং থানায় হামলা চালিয়ে ভাঙচুর ও লুটপাট করে একদল দুর্বৃত্ত। এই সময় "জয় বাংলা" শ্লোগান দিয়ে পুলিশের গাড়ী জ্বালিয়ে দেয়া হয় এবং সরকারি গুরুত্বপূর্ণ নথি লুট করা হয়।[১২৩]
- গত ১৬ সেপ্টেম্বর ঢাকার শ্যামলীতে আওয়ামী লীগের নেতা-কর্মীরা মিছিল থেকে আটকৃতদের ছাড়াতে হাতবোমার  বিস্ফোরণ ঘটায়।[১২৪]
- গত ২২ সেপ্টেম্বর প্রধান উপদেষ্টা ড. মোহাম্মদ ইউনূস জাতিসংঘের সাধারণ পরিষদে যোগদানের জন্য যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে সফরে গেলে স্থানীয় আওয়ামী লীগ নেতা-কর্মী ও সমর্থকরা চরম উচ্ছৃঙ্খল আচরণ করে এবং প্রধান উপদেষ্টার সফরসঙ্গীদের মধ্যে এনসিপি'র সদস্য সচিবকে ডিম ছুঁড়ে মারে এবং তাঁর সফরসঙ্গীদের গালিগালাজ ও লাঞ্ছিত করে,যাঁদের মধ্যে একজন নারী সফরসঙ্গীও ছিলেন।[১২৫] উল্লেখ্য এর

---

[১১৮] পুলিশের হাত থেকে পালিয়ে যুবককে খুন করল ছাত্রলীগ নেতা, যুগান্তর ২০ সেপ্টেম্বর ২০২৫; https://www.jugantor.com/tp-bangla-face/1005688

[১১৯] অনুশোচনা নেই, 'ষড়যন্ত্র তত্ত্বে' ভর করে এগোতে চাচ্ছে আ' লীগ, যুগান্তর ৭ অগাস্ট ২০২৫; https://www.jugantor.com/politics/987367

[১২০] গোপন বৈঠক ' ঘিরে গ্রেফতার ২২, সেনা হেফাজতে এক মেজর, প্রথম আলো ১ আগষ্ট ২০২৫; https://epaper.prothomalo.com/Home/ShareArticle?OrgId=184607fb46&eid=1&imageview=0&epedate=01/08/2025&sedId=1

[১২১] গুলিস্তানে ককটেলসহ গ্রেফতার নিষিদ্ধ ছাত্রলীগের ২ ক্যাডার, আমার দেশ ২৪ জুলাই ২০২৫; https://images.dailyamardesh.com/cropped-images/image_sl13_row12_date_24-07-2025_edition_2_page3_539502_873904_updated_watermarked_6a89787b-af5b-499e-9262-5fbb3d63dca4.jpg

[১২২] চট্টগ্রামে আ.লীগের ঝটিকা মিছিল থেকে এসআইকে কুপিয়ে জখম, যুগান্তর ১২ অগাস্ট ২০২৫; https://www.jugantor.com/country-news/989419

[১২৩] জয় বাংলা স্লোগান দিয়ে ভাঙ্গায় নজিরবিহীন তাণ্ডব, লুটপাট, আমার দেশ ১৬ সেপ্টেম্বর ২০২৫; https://images.dailyamardesh.com/cropped-images/image_sl9_row8_date_16-09-2025_edition_2_page1_477356_389340_updated_watermarked_c177b478-0717-4ba3-83e9-2ab7d54b3455.jpg, https://images.dailyamardesh.com/cropped-images/image_sl9_row8_date_16-09-2025_edition_2_page2_870253_609062_updated_watermarked_8500554d-05cf-457d-8c57-813bfd683b9f.jpg

[১২৪] ঢাকার দুই স্থানে আওয়ামী লীগের মিছিল, ককটেল ফাটিয়ে আটকদের ছিনিয়ে নেয়ার চেষ্টা, মানবজমিন ১৭ সেপ্টেম্বর ২০২৫; https://mzamin.com/news.php?news=180420

[১২৫] যুক্তরাষ্ট্রে নেতাদের হেনস্তা, ঢাকায় তীব্র প্রতিক্রিয়া, সমকাল ২৪ সেপ্টেম্বর ২০-২৫; https://samakal.com/bangladesh/article/317229/

আগে তথ্য উপদেষ্টা মাহফুজ আলমের ওপর হামলা চালাতে নিউইয়র্কের বাংলাদেশ কনস্যুলেট অফিসে আক্রমন করে ভাঙচুর করে আওয়ামী লীগের নেতা-কর্মী ও সমর্থকরা ।

৪০. **চলতি বছরের জুলাই থেকে সেপ্টেম্বর পর্যন্ত সময়ে রাজনৈতিক সহিংসতায় কমপক্ষে ৪৬ জন নিহত ও ১৫৩৭ জন আহত হয়েছেন। এই তিন মাসে বিএনপি'র ৮২টি ও আওয়ামী লীগের ১টি অভ্যন্তরীণ সংঘাতের ঘটনা রেকর্ড করা হয়েছে। বিএনপি'র অভ্যন্তরীণ সংঘাতে ০৮ জন নিহত ও ৭৪০ জন আহত এবং আওয়ামী লীগের অভ্যন্তরীণ সংঘাতে ১২ জন আহত হয়েছেন বলে জানা গেছে।**

# গ. নারীর প্রতি সহিংসতা

৪১. ২০২৫ সালের এপ্রিল-জুন এই তিন মাসে সারা দেশে নারীর প্রতি সহিংসতা অব্যাহত ছিল।

## *ধর্ষণ*

৪২. বাংলাদেশে ধর্ষণ অব্যাহতভাবে ঘটে চলেছে। বিচারের ক্ষেত্রে দীর্ঘসূত্রীতা ও দায়মুক্তি এবং অনেক ক্ষেত্রে বিচারহীনতার সংস্কৃতি ধর্ষকদের উৎসাহিত করছে। এই সময়ে গণধর্ষণের হাত থেকে বাঁচতে এক নারী দোতলা ভবন থেকে লাফিয়ে নিচে পড়ে মারাত্মকভাবে আহত হন।[১২৬] এছাড়া শিশুকে ধর্ষণের পর হত্যা,[১২৭] মানসিক ভারসাম্যহীন নারীকে ধর্ষণ,[১২৮] শিশু পুত্রকে জিম্মি করে ধর্ষণ করা, [১২৯] শ্বশুরকে হত্যা করার পর নারীকে ধর্ষণ করে হত্যা করা,[১৩০] ধর্ষণ মামলা দুর্বল করতে পুলিশের অপতৎপরতা [১৩১] এবং পুলিশ ব্যারাকে পুরুষ পুলিশ কর্তৃক এক নারী পুলিশ সদস্যকে ধর্ষণ,[১৩২] ধর্ষণ মামলার গ্রেফতারকৃত আসামিকে থানা থেকে ছেড়ে দেয়া, [১৩৩] ধর্ষণের শিকার নারীকে গ্রাম্য সালিশের মাধ্যমে ধর্ষকের সঙ্গে বিয়ে দেয়ার[১৩৪] ঘটনাগুলো ঘটেছে।

৪৩. **গত তিন মাসে ১৮৮ জন নারী ও শিশু ধর্ষণের শিকার হয়েছেন। এঁদের মধ্যে ৭৭ জন নারী এবং ১১১ জন মেয়ে শিশু । ঐ ৭৭ জন নারীর মধ্যে ১৮ জন গণধর্ষণের শিকার হয়েছেন এবং ০২ জন ধর্ষণের পর হত্যার শিকার হয়েছেন। ১১১ জন মেয়ে শিশুর মধ্যে ১৩ জন গণধর্ষণের শিকার হয়েছেন এবং ০৬ জনকে ধর্ষণের পর হত্যা করা হয়েছে ।**

---

[১২৬] নোয়াখালীতে গণধর্ষণ থেকে বাঁচতে দোতলা থেকে গৃহবধুর লাফ, মানবজমিন ২৫ অগাস্ট ২০২৫; https://mzamin.com/news.php?news=177023

[১২৭] ধর্ষণের পর শিশুকে হত্যা, প্রথম আলো, ১৭ জুলাই ২০২৫; https://epaper.prothomalo.com/Home/ShareArticle?OrgId=177a2cd79d2&eid=1&imageview=0&epedate=17/07/2025&sedId=1

[১২৮] চাঁদপুরে অ্যাম্বুলেন্সে মানসিক ভারসাম্যহীন নারীকে ধর্ষণ, যুগান্তর ৮ সেপ্টেম্বর ২০২৫; https://www.jugantor.com/tp-lastpage/1000106

[১২৯] পঞ্চগড়ে ছেলের গলায় ছুরি ধরে সংঘবদ্ধ ধর্ষণ, যুগান্তর ৬ জুলাই ২০২৫; https://www.jugantor.com/country-news/974498

[১৩০] বগুড়ায় ঘরে ঢুকে শ্বশুর ও পুত্রবধূকে শ্বাসরোধে হত্যা, যুগান্তর ১০ জুলাই ২০২৫; https://www.jugantor.com/tp-lastpage/975870

[১৩১] ধর্ষণ মামলায় দায়িত্বে অবহেলার অভিযোগ, প্রথম আলো ২৩ জুলাই ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/ayc9mk3n6b

[১৩২] থানা ব্যারাকে পুলিশ সদস্যকে ধর্ষণ, মানবজমিন ২১ অগাস্ট ২০২৫; https://mzamin.com/news.php?news=176427

[১৩৩] ধর্ষণ মামলার আসামিকে ছেড়ে দেয়ার অভিযোগ, পুলিশ বলছে পালিয়েছে, মানবজমিন ২২ জুলাই ২০২৫; https://m.mzamin.com/news.php?news=171681

[১৩৪] হাতিয়ায় ছাত্রীকে তিনদিন আটকে রেখে ধর্ষণ, গ্রাম্য সালিশে বিয়ে, মানবজমিন, ২১ অগাস্ট ২০২৫; https://mzamin.com/news.php?news=176394

## যৌন হয়রানি

৪৪. নারীদের উত্যক্তকরণ এবং যৌন হয়রানির ঘটনা ঘটেই চলেছে। সমাজের বিভিন্ন শ্রেণী পেশার পুরুষ কর্তৃক নারীরা যৌন হয়রানির শিকার হয়েছেন। স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের[১৩৫] শিক্ষক কর্তৃক শিক্ষার্থীদের ওপর যৌন হয়রানির ব্যাপক অভিযোগ রয়েছে। রাজনৈতিক দলের নেতার বিরুদ্ধে নারী রাজনৈতিক সহকর্মীকে যৌন হয়রানির অভিযোগ রয়েছে।[১৩৬] এই সময়ে যৌন হয়রানির প্রতিবাদ করায় দুর্বৃত্তরা দুই নারীকে[১৩৭] হত্যা করে। এছাড়া এক শিক্ষার্থীকে শ্লীলতাহানির পর বাস থেকে ফেলে দেয় বাসের হেলপারসহ পাঁচ দুর্বৃত্ত।[১৩৮]

- বগুড়ার ইসলামপুর এলাকায় দশম শ্রেণীর ছাত্রী বন্যাকে বেশ কিছু দিন ধরে প্রেমের প্রস্তাব দিয়ে উত্ত্যক্ত করছিলো সৈকত হোসেন নামে এক যুবক। কিন্তু বন্যা প্রেমের প্রস্তাব প্রত্যাখান করে। পরবর্তীতে বন্যাকে বিয়ে করার জন্য তাঁর বাড়িতে প্রস্তাব পাঠালে বন্যার পরিবার তা প্রত্যাখান করে। এই ঘটনায় ক্ষিপ্ত হয়ে সৈকত হোসেন দলবল নিয়ে গত ১৬ জুলাই বন্যার বাড়িতে হামলা চালিয়ে বন্যাকে কোপাতে থাকলে বন্যার চাচী ও দাদী এতে বাধা দেন। এই সময় দুর্বৃত্তরা বন্যার চাচী হাবিবা ইয়াসমিন এবং দাদী লাইলী বেগমকে কুপিয়ে হত্যা করে।[১৩৯]
- গত ২৭ জুলাই চট্টগ্রামের হাটহাজারী সন্দ্বীপ কলোনী এলাকায় বিদ্যালয় থেকে বাড়ী ফেরার পথে অষ্টম শ্রেণী পড়ুয়া এক ছাত্রীকে তুলে নিয়ে জোর করে বিয়ে করে নোয়াখালীর সুবর্ণচরের নির্মাণ শ্রমিক রিফাত। গত ১ অগাস্ট এই ঘটনার মিমাংসার জন্য সালিশ বৈঠক ডাকা হলে দুই পক্ষের মধ্যে কথা কাটাকাটির জেরে মেয়ের বাবা ফখরুল ইসলামকে পিটিয়ে হত্যা করা হয়।[১৪০]
- পটুয়াখালী জেলার গলাচিপা সরকারী কলেজের ছাত্রী ডায়না আক্তারকে উত্ত্যক্ত করে স্থানীয় ওয়ার্ড বিএনপি নেতা রেজাউল মাতব্বরের ছেলে চরমোন্তাজ ইউনিয়ন ছাত্রদলের সভাপতি সায়মুন মাতব্বর। এর প্রতিবাদ করলে ডায়না আক্তারকে লোহার রড দিয়ে মাথায় আঘাত করে সায়মুন। এই সময় ডায়নার বাবা ৭০ বছর বয়স্ক রহিম খাঁ মেয়েকে বাঁচাতে আসলে তাঁকেও মারধর করা হয়।[১৪১]

৪৫. **জুলাই থেকে সেপ্টেম্বর পর্যন্ত মোট ৮ জন নারী ও মেয়ে শিশু যৌন হয়রানির (উত্ত্যক্তকরণ) শিকার হয়েছেন। এছাড়া নারী ও শিশুদের ওপর সংঘটিত যৌন হয়রানির প্রতিবাদ করতে গিয়ে ০২ জন পুরুষ আহত হয়েছেন এবং ০৩ জন নারী নিহত হয়েছেন।**

---

[১৩৫] যৌন হয়রানির অভিযোগে ইবি শিক্ষককে বরখাস্ত, মানবজমিন ৬ জুলাই ২০২৫; https://mzamin.com/news.php?news=169148

[১৩৬] নেতার বিরুদ্ধে মহিলা দল নেত্রীর যৌন হয়রানির অভিযোগ, ১০ জুলাই ২০২৫; https://www.jugantor.com/tp-city/975883

[১৩৭] স্কুলছাত্রীকে কোপাল বখাটে, বাঁচাতে গিয়ে নিহত ২ নারী, আমার দেশ ১৮ জুলাই ২০২৫; https://images.dailyamardesh.com/cropped-images/image_sl10_row9_date_18-07-2025_edition_2_page3_13738_270951_updated_watermarked_05e445d4-df8f-4e74-86c1-bdc097921efa.jpg

[১৩৮] শ্লীলতাহানির পর বাস থেকে ফেলা হয় কুবি ছাত্রীকে, সমকাল ২৩ অগাস্ট ২০২৫; https://samakal.com/whole-country/article/311923/

[১৩৯] স্কুলছাত্রীকে কোপাল বখাটে, বাঁচাতে গিয়ে নিহত ২ নারী, আমার দেশ ১৮ জুলাই ২০২৫; https://images.dailyamardesh.com/cropped-images/image_sl10_row9_date_18-07-2025_edition_2_page3_13738_270951_updated_watermarked_05e445d4-df8f-4e74-86c1-bdc097921efa.jpg

[১৪০] তুলে নিয়ে বিয়ে, সালিশে কিশোরীর বাবাকে হত্যা, সমকাল ৩ অগাস্ট ২০২৫; https://samakal.com/whole-country/article/308605/

[১৪১] কলেজছাত্রী ও তার বাবাকে নির্যাতনের অভিযোগ ছাত্রদল নেতার বিরুদ্ধে, মানবজমিন ২৭ সেপ্টেম্বর ২০২৫; https://mzamin.com/news.php?news=181894

### *যৌতুক সহিংসতা*

৪৬. যৌতুকের দাবিতে নারীদের ওপর সহিংসতা বিদ্যমান ছিল এই তিন মাসেও। এই সময়ে যৌতুক না পাওয়ায় গৃহবধুকে গলা কেটে,[১৪২] পিটিয়ে,[১৪৩] ও শ্বাসরোধ[১৪৪] করে এবং আগুনে পুড়িয়ে হত্যা[১৪৫] করা হয়েছে। হত্যা ও সহিংসতার শিকার অনেক নারী অন্তঃসত্ত্বা ছিলেন।

- গত ৬ অগাস্ট লক্ষীপুর সদর উপজেলায় এক লাখ টাকা যৌতুক না পেয়ে ফাতেমা বেগম নামে এক গৃহবধুকে তাঁর স্বামী স্বেচ্ছাসেবক দলের নেতা হাসান হত্যা করেছে বলে অভিযোগ পাওয়া গেছে। এই ঘটনায় পুলিশ হাসানকে গ্রেফতার করলে জেলা যুবদলের সাধারণ সম্পাদক সৈয়দ রশিদুল হাসান লিংকন হাসানকে থানা থেকে ছাড়িয়ে নেন। [১৪৬]
- গত ১১ সেপ্টেম্বর বরগুনার পাথরঘাটা উপজেলার কালমেঘা ইউনিয়নে যৌতুক না পেয়ে কৈতুরী নামে এক গৃহবধুকে তাঁর স্বামী হানিফ মিয়া হত্যা করে।[১৪৭]

৪৭. **গত তিন মাসে মোট ১২ জন নারী যৌতুক সহিংসতার শিকার হয়েছেন। এর মধ্যে ০৬ জন নারীকে যৌতুকের কারণে হত্যা করা হয়েছে, ০৫ জন বিভিন্নভাবে নিপীড়নের শিকার এবং ০১ জন আত্মহত্যা করেছেন।**

## ঘ. তৈরি পোশাক শিল্পের শ্রমিকদের অবস্থা

৪৮. শেখ হাসিনার শাসনামলে অনেক তৈরি পোশাক শিল্পের মালিকরা দেশে অবাধে লুটপাট করে দেশের বাইরে বিপুল পরিমাণ টাকা পাচার করে। এই গার্মেন্টস মালিকদের অনেকে হাসিনার পতনের পর গ্রেফতার হন বা বিদেশে পালিয়ে যান। ফলে অনেক তৈরী পোশাক শিল্প কারখানা বন্ধ হয়ে যায় এবং বহু কারখানার কার্যক্রম স্থবির হয়ে পড়ে। এর ফলে বহু শ্রমিককে চাকরি হারাতে হয়। অনেক কারখানা চালু থাকলেও শ্রমিকদের বেতন ভাতা ঠিকমতো পরিশোধ করতে পারেনি। এই সময়ে বকেয়া বেতন পরিশোধ ও কারখানা খুলে দেয়াসহ বিভিন্ন দাবিতে এবং শ্রমিক ছাঁটাই[১৪৮] ও শ্রমিককে মারধর[১৪৯] করার প্রতিবাদে শ্রমিকরা বিক্ষোভ-সমাবেশ ও রাস্তা অবরোধ করেন।

---

[১৪২] যৌতুকের দাবিতে সুন্দরগঞ্জে হাত-পা বাঁধে স্ত্রীকে হত্যা, যুগান্তর , ৪ জুলাই ২০২৫; https://www.jugantor.com/tp-bangla-face/973685

[১৪৩] যৌতুকের জন্য পিটিয়ে হত্যা, ভাসুর গ্রেফতার, যুগান্তর ৬ অগাস্ট ২০২৫’ https://www.jugantor.com/country-news/987064

[১৪৪] যৌতুকের বলি রেশমা, মানবজমিন, ২৫ এপ্রিল ২০২৫; https://mzamin.com/news.php?news=158030

[১৪৫] রংপুরে যৌতুক না পেয়ে গৃবধধূকে পুড়িয়ে হত্যা, যুগান্তর, ১৬ জুন ২০২৫; https://www.jugantor.com/tp-bangla-face/965997

[১৪৬] লক্ষীপুরে যৌতুক না পেয়ে স্ত্রীকে হত্যা, যুগান্তর ১১‘ অগাস্ট ২১২৫; https://www.jugantor.com/index.php/tp-news/988850

[১৪৭] পাথরঘাটায় যৌতুকের দাবিতে স্ত্রীকে পিটিয়ে হত্যা, স্বামী গ্রেপ্তার, মানবজমিন ২৯ সেপ্টেম্বর ২০২৫; https://mzamin.com/news.php?news=182200

[১৪৮] গাজীপুরে শ্রমিক ছাঁটাইয়ের প্রতিবাদে বিক্ষোভ, যুগান্তর ১৫ সেপ্টেম্বর ২০২৫; https://epaper.jugantor.com/storage/2025-09-15/12/link_img_second_ed_1757895994_8.jpg

[১৪৯] পূবাইলে বকেয়া বেতন ও নির্যাতনের প্রতিবাদে পোশাক শ্রমিকদের বিক্ষোভ, যুগান্তর ১৩ জুলাই ২০২৫; https://www.jugantor.com/country-news/977541

# ঙ. ধর্মীয় সংখ্যালঘু ও ক্ষুদ্র জাতিগোষ্ঠীর মানবাধিকার

৪৯. এই তিন মাসে ধর্মীয় ব্যাপারে ভিন্নমতাবলম্বী, ধর্মীয় সংখ্যালঘুদের ও ক্ষুদ্র জাতিগোষ্ঠীর ওপর ধর্মীয় উগ্রবাদী ও রাজনৈতিকভাবে প্রভাবশালী ব্যক্তিরা জুলুম করেছে।

- রংপুরের গঙ্গাচড়ায় মহানবী হযরত মোহাম্মদ (সা.) কে নিয়ে ফেসবুকে এক হিন্দু ধর্মাবলম্বী কিশোর কটুক্তি করেছে বলে অভিযোগ পাওয়ার পর গত ২৬ জুলাই পুলিশ ঐ কিশোরকে সাইবার সুরক্ষা আইনে গ্রেফতার করে আদালতের মাধ্যমে সম্মিলিত শিশু পুনর্বাসন কেন্দ্রে পাঠায়। এরপর কিশোরের বিচারের দাবিতে স্থানীয় জনগণ মিছিল নিয়ে কিশোরের বাড়িসহ হিন্দু ধর্মাবলম্বীদের বসতঘরে হামলা ও ভাঙচুর করে এবং লুটপাট চালায়। উপজেলা প্রশাসনের হিসেবে সংখ্যালঘুদের ১৫টি বসতবাড়ীতে ভাঙচুর ও লুটপাট করা হয়েছে। এই ঘটনা ঠেকাতে পুলিশ কোন ব্যবস্থা নেয়নি বলে অভিযোগ করেছেন স্থানীয় বাসিন্দারা।[১৫০] পরবর্তীতে আবার হামলা চালাতে গেলে পুলিশের সঙ্গে হামলাকারীদের সংঘর্ষের ঘটনা ঘটে।[১৫১] পরে পুলিশ ও সেনাবাহিনী ঘটনাস্থলে যেয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এই ঘটনায় ১ হাজার ২০০ ব্যক্তিকে অজ্ঞাতনামা আসামি করে মামলা দায়ের করা হয়েছে।[১৫২]
- রাজশাহীর পবা উপজেলার বাগসারা গ্রামের বারনই নদীর তীরে পানি উন্নয়ন বোর্ডের জায়গায় ঘর তুলে বসবাস করছিলো ক্ষুদ্র জাতিগোষ্ঠী সাঁওতাল, ধাঙ্গড় ও রবি দাস সম্প্রদায়ের ১২টি পরিবার। এর পাশেই বাবলু নামে বিএনপির সঙ্গে সম্পৃক্ত এক ব্যক্তির জমি রয়েছে। বাবলু তার জমির পাশে ক্ষুদ্র জাতিগোষ্ঠীর নাগরিকদের ঘর করে থাকা পছন্দ করছিলেন না। গত ৩০ জুলাই একটা ছোট ঘটনাকে কেন্দ্র করে বাবলুর লোকজন ক্ষুদ্র জাতিগোষ্ঠীর নাগরিকদের বাড়িঘরে দুই দফা হামলা চালিয়ে ভাঙচুর এবং লুটপাট করে। হামলার পর ক্ষুদ্র জাতিগোষ্ঠীর নাগরিকরা বাড়িঘর ছেড়ে পালিয়ে যান।[১৫৩]
- গত ২৩ অগাস্ট রাজবাড়ী জেলার গোয়ালন্দে নুরুল হক ওরফে নুরাল পাগলা নামে এক ব্যক্তি মারা যান। নুরাল পাগলার অনুসারীরা নুরাল পাগলার মৃতদেহ মাটি থেকে উঁচুতে বিশেষ কায়দায় দাফন করলে স্থানীয় ইমান-আকিদা রক্ষা কমিটির সঙ্গে তাদের দ্বন্দ্ব দেখা দেয়। এই দ্বন্দ্বকে কেন্দ্র করে গত ৪ সেপ্টেম্বর ইমান-আকিদা রক্ষা কমিটির লোকজন নুরাল পাগলার দরবার শরীফে হামলা করলে দুই পক্ষের মধ্যে সংঘর্ষ শুরু হয়। এই সময় ইমান-আকিদা রক্ষা কমিটির লোকজন নুরাল পাগলার দরবারের ফটক ভেঙ্গে ভেতরে প্রবেশ করে ভাঙচুর করে এবং আগুন দেয়। তারা পুলিশের ও উপজেলা নির্বাহী কর্মকর্তার গাড়ীও ভাঙচুর করে। পরে সেনাবাহিনী যেয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। কিন্তু পরবর্তীতে ইমান-আকিদা রক্ষা কমিটির লোকজন দ্বিতীয় দফায় হামলা চালিয়ে নুরাল পাগলার লাশ কবর থেকে তুলে পেটাতে থাকে এবং আগুন দিয়ে পুড়িয়ে ফেলে। এই ঘটনায় ২২ জন আহত এবং রাসেল নামে এক ব্যক্তি নিহত হন।[১৫৪]

---

[১৫০] হামলা ঠেকাতে পর্যাপ্ত ' ব্যবস্থা নেয়া হয়নি, প্রথম আলো ১ অগাস্ট ২৩০২৫; https://epaper.prothomalo.com/Home/ShareArticle?OrgId=183be3e46a&eid=1&imageview=0&epedate=01/08/2025&sedId=1

[১৫১] রংপুরে হামলার শিকার পরিবারগুলো আতঙ্কে.সরিয়ে নিচ্ছে মালামাল, প্রথম আলো ২৯ জুলাই ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/mry7wlg1xj

[১৫২] হামলার দুদিন পর মামলা, প্রশাসনের উদ্যোগে ভাঙ্গা বসতবাড়ি মেরামত, প্রথম আলো ৩০ জুলাই ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/x68ot36h14

[১৫৩] বাড়ি-ঘর ছেড়ে পালিয়েছে ক্ষুদ্র নৃগোষ্ঠীর সদস্যরা, যুগান্তর ৫ অগাস্ট ২০২৫; https://www.jugantor.com/tp-lastpage/986392

[১৫৪] গোয়ালন্দে কবর থেকে তুলে লাশে আগুন, উল্লাস, সমকাল ৬ সেপ্টেম্বর ২০২৫; https://samakal.com/whole-country/article/314228/

- গত ১৭ সেপ্টেম্বর কুমিল্লার হোমনায় মহসিন নামে এক ব্যক্তি তার ফেসবুকে মহানবী হযরত মোহাম্মদ (সাঃ) কে নিয়ে কটুক্তি করে পোস্ট দেয়। গত ১৮ সেপ্টেম্বর এই ঘটনায় স্থানীয় জনতা উত্তেজিত হয়ে মহসিনের পরিবারের বাড়িঘর ভাঙচুরের পর আগুন ধরিয়ে দেয়। এরপর মহসিনের দাদা কফিল উদ্দিন শাহর মাজারসহ চারটি মাজারে হামলা চালানো হয়।[১৫৫]

# চ. বাংলাদেশ-ভারত সীমান্ত

## *বিএসএফ কর্তৃক হত্যা-নির্যাতন*

৫০. ভারতের রাজনৈতিক এবং অর্থনৈতিক আগ্রাসনের পাশাপাশি ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ বাংলাদেশী নাগরিকদের নির্বিচারে হত্যা, নির্যাতন ও তাদের ওপর নিপীড়ন অব্যাহত রেখেছে। প্রতি বছরই ভারত-বাংলাদেশ সীমান্তবর্তী এলাকায় বাংলাদেশী নাগরিকরা বিএসএফ এর গুলিতে বা নির্যাতনে মৃত্যুবরণ করছেন অথবা আহত হচ্ছেন।

- জুলাই থেকে অগাস্ট ২০২৫ পর্যন্ত সময়ে বিএসএফ কর্তৃক সংঘটিত নিম্নলিখিত ঘটনাগুলো সম্পর্কে জানা যায়:
- ২ জুলাই চুয়াডাঙ্গার দামুড়হুদা সীমান্তে ইব্রাহিম নামে এক বাংলাদেশী যুবককে হত্যা করা হয়[১৫৬]
- ১২ জুলাই ঠাকুগাঁওয়ের হরিপুর সীমান্তে আসকর আলী ও সুনামগঞ্জের দোয়ারাবাজারের বাগানবাড়িতে শফিকুলকে হত্যা করা হয়[১৫৭]
- ২৪ জুলাই ফেনীর পরশুরাম সীমান্তে মোহাম্মদ লিটন ও মোহাম্মদ মিল্লাত হোসেন নামে দুই বাংলাদেশী যুবককে হত্যা করা হয়[১৫৮]
- ৩১ জুলাই চাঁপাইনবাবগঞ্জ সীমান্তে সৈয়বুর রহমান নামে এক বাংলাদেশী যুবককে হত্যা করা হয়[১৫৯]
- ২ অগাস্ট চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জ সীমান্তে শফিকুল ইসলাম ও সেলিম রেজা নামে দুই বাংলাদেশী নাগরিককে হত্যা করা হয়[১৬০]

---

[১৫৫] কুমিল্লায় মহানবীকে কটুক্তির প্রতিবাদে মাজার ও বাড়িঘর ভাঙচুর, অগ্নিসংযোগ, আমার দেশ ১৯ সেপ্টেম্বর ২০২৫; https://images.dailyamardesh.com/cropped-images/image_sl10_row9_date_19-09-2025_edition_2_page16_206734_473737_updated_watermarked_fa49ed0c-c07c-424b-9625-27c76ca8e753.jpg, https://images.dailyamardesh.com/cropped-images/image_sl16_row15_date_19-09-2025_edition_2_page15_211658_649958_updated_watermarked_5db5e0b3-02fb-4bcb-a9a0-856eda50d588.jpg

[১৫৬] বিএসফের গুলিতে বাংলাদেশী নিহত, আমার দেশ, ৩ জুলাই ২০২৫; https://images.dailyamardesh.com/cropped-images/image_sl8_row7_date_03-07-2025_edition_2_page15_517526_356244_updated_watermarked_be063402-a41f-463c-b6f5-797ddc440b6c.jpg

[১৫৭] বিএসএফের গুলিতে আরো দুই বাঙলাদেশি নিহত, আমার দেশ ১৩ জুলাই ২০২৫; https://images.dailyamardesh.com/cropped-images/image_sl11_row10_date_13-07-2025_edition_2_page16_556681_130737_updated_watermarked_48ca2376-b4b7-4226-b465-d1e2375ffa1e.jpg

[১৫৮] বিএসএফর গুলিতে দুই বাংলাদেশি নিহত, প্রথম আলো ২৬ জুলাই ২০২৫; https://epaper.prothomalo.com/Home/ShareArticle?OrgId=26777ed1005&eid=1&imageview=0&epedate=26/07/2025&sedId=1

[১৫৯] বাংলাদেশি যুবককে নৃশংসভাবে হত্যা করল বিএসএফ, আমার দেশ ২ অগাস্ট ২০২৫; https://images.dailyamardesh.com/cropped-images/image_sl7_row6_date_02-08-2025_edition_2_page16_964552_828737_updated_watermarked_3b35ee6f-2485-46e4-97aa-93158aeaf471.jpg , https://images.dailyamardesh.com/cropped-images/image_sl4_row3_date_02-08-2025_edition_2_page15_854076_48774_updated_watermarked_80896045-2fb9-4bd8-8fc2-0c63f9574183.jpg

[১৬০] শিবগঞ্জে আরও ২ বাংলাদেশিকে হত্যা, যুগান্তর ৩ অগাস্ট ২০২৫; https://www.jugantor.com/tp-lastpage/985550

- ২৯ অগাস্ট সিলেটের কানাইঘাটের দনা সীমান্তে আবদুর রহমান নামে এক বাংলাদেশী যুবককে হত্যা করা হয়[১৬১]
- ১৭ জুলাই মৌলভীবাজার জেলার কুলাউড়ার হরিপুর সীমান্ত এলাকায় সোহাগ মিয়া, মাসুক আলী মন্টুরি ও সিপার আহমেদ নামে তিন বাংলাদেশী যুবক মাছ ধরতে গেলে বিএসএফ সদস্যরা তাঁদের তুলে নিয়ে যায়[১৬২]

৫১. গত ২৫-২৮ অগাস্ট ঢাকার বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) সদর দপ্তরে বিজিবি-বিএসএফ মহাপরিচালক পর্যায়ে সীমান্ত সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে বিজিবির মহাপরিচালক মেজর জেনারেল মোহাম্মদ আশরাফুজ্জামান সিদ্দিকী সীমান্তে বিএসএফের সদস্যদের হাতে বাংলাদেশী নাগরিকদের নিহত ও আহত হবার ঘটনায় গভীর উদ্বেগ জানান। সভায় বিএসএফ মহাপরিচালক দালজিৎ সিং চৌধুরী বলেন, রাতের আধাঁরে চোরাচালান ও অবৈধ অনুপ্রবেশের কারণে সীমান্তরক্ষীদের জন্য নিরাপত্তা ঝুঁকি তৈরি হয়। সীমান্ত এলাকায় বিএসএফ সদস্যরা প্রথমে সর্তক করে এবং বাধা দেয়। শেষ পদক্ষেপ হিসেবে গুলি করে। বিএসএফ মহাপরিচালকের এমন বক্তব্যের সঙ্গে দ্বিমত পোষণ করে তাৎক্ষণিকভাবে বিজিবি মহাপরিচালক বলেন, সম্প্রতি একজন অল্প বয়সী বাংলাদেশি নাগরিককে প্রকাশ্য দিবালোকে গুলি করে হত্যা করেছে বিএসএফ। দিনের আলোতে হত্যাকাণ্ড হচ্ছে, শিশুরাও হত্যাকাণ্ডের শিকার হচ্ছেন। [১৬৩]

৫২. **জুলাই থেকে সেপ্টেম্বর ২০২৫ পর্যন্ত বিএসএফ'র গুলিতে ১০ বাংলাদেশী নিহত এবং ১৪ জন আহত হয়েছেন। নিহত ১০ জনের মধ্যে ০৭ জনকে গুলি করে হত্যা ও ০৩ জনকে নির্যাতনের মাধ্যমে হত্যা করা হয়েছে বলে অভিযোগ রয়েছে। ১০ জনকে গুলি করে ও ০৪ জনকে নির্যাতন করে আহত করা হয়েছে।**

## *অবৈধ পুশইন*

৫৩. ভারতীয় শাসকগোষ্ঠী উসকানিমূলকভাবে গত ৭ মে থেকে দেশটিতে অবস্থানকারী বাংলাদেশী, রোহিঙ্গা জনগোষ্ঠী[১৬৪] এবং ভারতীয় মুসলিম নাগরিকদের[১৬৫] জোর করে বাংলাদেশে পুশ ইন (ঠেলে পাঠানো) করছে, যা এই প্রতিবেদন প্রস্তুতকালীন তিন মাসেও অব্যাহত ছিল। ঠেলে পাঠানো অধিকাংশ ব্যক্তিকেই অমানবিক নির্যাতনের মাধ্যমে শূন্যরেখা অতিক্রমে বাধ্য করা হয়েছে। ২০২৬ সালে অনুষ্ঠিতব্য ভারতের আসাম রাজ্যের বিধান সভা নির্বাচনের আগে বাংলাদেশ সীমান্তের কাছে এক ক্যাম্পে আশ্রয় নিয়েছেন শত

---

[১৬১] কানাইঘাট সীমান্তে বিএসএফর গুলিতে যুবক নিহত, সমকাল ৩১ অগাস্ট ২০২৫; https://samakal.com/whole-country/article/313308/

[১৬২] তিন যুবককে তুলে নিয়ে গেল বিএসএফ, আমার দেশ ১৯ জুলাই ২০২৫; https://images.dailyamardesh.com/cropped-images/image_sl10_row9_date_19-07-2025_edition_2_page16_463649_334753_updated_watermarked_e162eea2-6f2b-4bd0-b37b-557ae400cc01.jpg . https://images.dailyamardesh.com/cropped-images/image_sl10_row9_date_19-07-2025_edition_2_page15_225595_188993_updated_watermarked_4e18c041-89ab-4bf4-ac1c-840196961446.jpg

[১৬৩] সীমান্তে বাংলাদেশিদের হত্যার ঘটনায় উদ্বেগ, আমার দেশ ২৯ আগস্ট ২০২৫; https://images.dailyamardesh.com/cropped-images/image_sl11_row10_date_29-08-2025_edition_2_page16_34228_739933_updated_watermarked_5dddd96c-4ec4-40de-9fb2-f8a556026cf5.jpg, https://images.dailyamardesh.com/cropped-images/image_sl3_row2_date_29-08-2025_edition_2_page15_375914_456405_updated_watermarked_f9cda74e-1b8e-42c8-9936-beaaabb26878.jpg

[১৬৪] আবারো ১০ রোহিঙ্গাকে পুশইন করলো বিএসএফ, বাংলা ট্রিবিউন, ২৮ জুলাই ২০২৫; https://www.banglatribune.com/country/sylhet/908990/

[১৬৫] ভারতীয় পরিবারকে বাংলাদেশি বানিয়ে ঠেলে দেয় বিএসএফ, সমকাল ২৬ জুলাই ২০২৬; https://samakal.com/bangladesh/article/307314/

শত মুসলিম পুরুষ, নারী ও শিশু। হাজার হাজার পরিবারের বাড়ী বুলডোজার দিয়ে গুঁড়িয়ে দেয়া হয়েছে, যাঁদের অধিকাংশই মুসলমান। তাঁদের উচ্ছেদ করে বাংলাদেশের ভেতরে পুশ ইন করছে ভারত সরকার।[১৬৬] গত ২৬ সেপ্টেম্বর ভারতের পশ্চিমবঙ্গের বীরভূমের দুই শ্রমিক পরিবারকে বাংলাদেশে ঠেলে পাঠানোর কেন্দ্রীয় সরকারের আদেশ খারিজ করে দিয়েছে কোলকাতা হাইকোর্ট। এই আদেশের ওপর স্থগিতাদেশ চেয়ে কেন্দ্রীয় সরকারের করা আবেদনও খারিজ করে দিয়েছে আদালত।[১৬৭]




*বাংলাদেশে ঠেলে দেওয়া রোহিঙ্গারা। ছবি: বাংলা ট্রিবিউন, ২৮ জুলাই ২০২৫*

৫৪. **বিভিন্ন সংবাদ মাধ্যম ও অধিকার এর সঙ্গে সংশ্লিষ্ট সীমান্ত এলাকার মানবাধিকার কর্মীদের তথ্য অনুযায়ী ৩০ সেপ্টেম্বর পর্যন্ত নারী, শিশু, বৃদ্ধসহ ৫৪৪ জনকে জোর করে বাংলাদেশে পাঠানো হয়েছে।**[১৬৮]

## *ভারত সরকারের বাংলাদেশ-বিরোধী অবস্থান*

৫৫. ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের মধ্য দিয়ে ভারতীয় শাসকগোষ্ঠীর মদদপুষ্ট কর্তৃত্ববাদী হাসিনা সরকারের পতন হওয়ার পর থেকেই ভারতীয় শাসকগোষ্ঠী বিভিন্নভাবে এই অভ্যুত্থানকে প্রশ্নবিদ্ধ করে অভ্যুত্থানের মধ্যে দিয়ে গঠিত অন্তর্বর্তীকালীন সরকারের বিরুদ্ধে নানা ধরনের তৎপরতা চালিয়ে যাচ্ছে এবং বাংলাদেশের অভ্যন্তরীণ বিষয় নিয়ে উদ্দেশ্যমূলক বক্তব্য দিচ্ছে। এই সমস্ত বিষয়গুলোর অধিকাংশই ফ্যাক্ট চেকিংয়ের মাধ্যমে মিথ্যা বলে প্রমাণিত হয়েছে।[১৬৯] বিবিসি এবং আলজাজিরাও এই ধরণের মিথ্যা প্রচারণার প্রমাণ পেয়েছে।[১৭০] ভারতীয় শাসকগোষ্ঠী গণহত্যা ও মানবতা বিরোধী অপরাধে অভিযুক্ত হওয়া সত্ত্বেও শেখ হাসিনাকে ভারতে আশ্রয় দিয়েছে এবং দুই দেশের মধ্যে বন্দি বিনিময় চুক্তি ভঙ্গ করে গণহত্যার বিচারের

[১৬৬] আসামে নির্বাচন ঘিরে বাংলাভাষী মুসলিমদের বাংলাদেশে পুশ ইন, আমারদেশ ২৯ জুলাই ২০২৫; https://images.dailyamardesh.com/cropped-images/image_sl7_row6_date_29-07-2025_edition_2_page16_254911_987565_updated_watermarked_57b5b44b-f2af-4714-8743-19c19fe8262c.jpg, https://images.dailyamardesh.com/cropped-images/image_sl3_row2_date_29-07-2025_edition_2_page15_76086_799163_updated_watermarked_b3abe2a1-a2f9-428f-a23d-9536f8a82422.jpg

[১৬৭] বাংলাদেশে ঠেলে পাঠানো দুই পরিবারকে ৪ সপ্তাহের মধ্যে ফেরত নিতে হবে, প্রথম আলো ২৮ সেপ্টেম্বর ২০২৫; https://www.prothomalo.com/world/india/38v6gocqeu

[১৬৮] সীমান্তে অব্যাহত পুশ ইন জাতিগত দাঙ্গার উসকানি, আমার দেশ, ১৮ জুন ২০২৫; https://www.dailyamardesh.com/amar-desh-special/amdl23jbyoyte

[১৬৯] ভারতে পদদলিত হয়ে মৃত্যুকে বাংলাদেশে সংখ্যালঘু নির্যাতন বলে চালিয়ে দেওয়ার চেষ্টা, প্রথম আলো ১৪ জানুয়ারি ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/ps9txo9y9e

[১৭০] চরম দক্ষিণপন্থী ভিডিওতে বাংলাদেশে সংখ্যালঘুদের আক্রমণের চিত্রকে বিক্রিত করে দেখানো হচ্ছে, বিবিসি, ১৮ আগস্ট ২০২৪; https://www.bbc.com/news/articles/cx2n8pzk7gzo.amp

জন্য তাকে বাংলাদেশে ফেরত না পাঠিয়ে বিশেষ মর্যাদায় সেই দেশে রেখে বাংলাদেশের বিরুদ্ধে চক্রান্ত করার সুযোগ করে দিয়েছে এবং তাকে ভ্রমনের নথি প্রদান করেছে, যাতে সে অন্য দেশে গমন করতে পারে।[১৭১] ভারতে বসেই শেখ হাসিনা দলীয় নেতা-কর্মীদের সঙ্গে টেলিফোনে কথা বলে তা রেকর্ড করে প্রচার করছেন এবং দলীয় কোনো ভার্চুয়াল সমাবেশে যোগ দিয়ে নানা ধরনের উস্কানিমূলক, মিথ্যা ও ভিত্তিহীন বক্তব্য দিয়ে বাংলাদেশে একটি অস্থিতিশীল পরিস্থিতি এবং আইন শৃংখলা পরিস্থিতির অবনতি ঘটানোর অপচেষ্টা চালাচ্ছেন।[১৭২] এছাড়াও আওয়ামী লীগের পলাতক নেতা[১৭৩] ও বিরোধী দল দমনসহ নানা ধরনের মানবতা বিরোধী অপরাধের সাথে যুক্ত পুলিশ ও সেনাবাহিনীর উচ্চ পদস্ত কর্মকর্তারা[১৭৪] ভারতের পশ্চিমবঙ্গসহ বিভিন্ন শহরে নিরাপদ আশ্রয়ে থেকে বাংলাদেশকে ঘিরে বিভিন্ন ধরনের ষড়যন্ত্রে লিপ্ত থেকে বাংলাদেশের আইন শৃংখলা পরিস্থিতির অবনতি ঘটানোর চেষ্টা করছে।

## রোহিঙ্গা সম্প্রদায়ের মানবাধিকার

৫৬. ২০১৭ সালের ২৫ অগাস্ট থেকে মিয়ানমারের সেনাবাহিনী ও চরমপন্থী বৌদ্ধরা রোহিঙ্গাদের ওপর গণহত্যা চালায় ও তাঁদের মিয়ানমার থেকে উচ্ছেদ করে । এই অভিযানগুলোতে রোহিঙ্গা জনগোষ্ঠীর সদস্যরা গুম, গণধর্ষণ, গণহত্যা, ঘরবাড়ী আগুন দিয়ে পুড়িয়ে দেয়াসহ বিভিন্ন ধরণের নির্যাতন ও সহিংসতার শিকার হন। এই অবস্থায় রোহিঙ্গারা জীবন বাঁচাতে বাংলাদেশে প্রবেশ করেন। এরপর থেকে ধারাবাহিকভাবে রোহিঙ্গারা বাংলাদেশে প্রবেশ করতে থাকেন। বাংলাদেশে প্রবেশের পর থেকে গত আট বছর ধরে রোহিঙ্গারা বিভিন্ন শরনার্থী শিবিরে বসবাস করছেন। তাঁরা অর্থনৈতিক সমস্যাসহ নানা সমস্যায় জর্জরিত হয়ে জীবনযাপন করছেন। আন্তর্জাতিক তহবিল সংকটের কারণে রোহিঙ্গা শরনার্থীদের খাদ্য সরবরাহ ব্যাহত হচ্ছে এবং রোহিঙ্গা শিশুদের শিক্ষাকেন্দ্র বন্ধ হয়ে গেছে। অনেকেই মানব পাচারকারীদের শিকার হয়েছেন। এই দুর্বিষহ অবস্থা থেকে উত্তোরণের জন্য তাঁরা নিজ জন্মভূমিতে ফিরতে চান। তাঁদের নিজ দেশে ফেরানোর জন্য কয়েকবার উদ্যোগ নেয়া হলেও তা সফল হয়নি বরং এখনো রোহিঙ্গাদের বাংলাদেশে প্রবেশ অব্যাহত রয়েছে। রাখাইন রাজ্যের পরিস্থিতি ক্রমেই অস্থিতিশীল হচ্ছে। মিয়ানমারে অবস্থান করা অবশিষ্ট রোহিঙ্গাদের ওপর ২০২৩ সালের নভেম্বর থেকে আবারো নিপীড়ন-নির্যাতন নতুন করে শুরু হয়। ২০২৪ সালের ডিসেম্বরে রাখাইনের পশ্চিম সামরিক কমান্ড দখলে নেয় আরাকান আর্মি। যুদ্ধ থেকে বাঁচতে বাংলাদেশে পালানোর আশায় সেই সময় হাজার হাজার রোহিঙ্গা নাফ নদীর পশ্চিম তীরে জমায়েত হয়েছিলেন। কিন্তু আরাকান আর্মির ড্রোন ও আর্টিলারী হামলায় শত শত রোহিঙ্গা মৃত্যুবরণ করেন।[১৭৫] এছাড়া আরাকান আর্মির সঙ্গে মাঝে মাঝেই কয়েকটি সশস্ত্র রোহিঙ্গাগোষ্ঠীর সংঘর্ষ হচ্ছে। এতে অনেক রোহিঙ্গা বাস্তুচ্যুত হয়ে বাংলাদেশে পালিয়ে আসার চেষ্টা করছেন।[১৭৬]

---

[১৭১] উৎখাত হওয়া বাংলাদেশি প্রধানমন্ত্রী এখনও ভারতে, পেলেন ভ্রমণ-সহায়ক কাগজপত্র, নিউ এইজ ১৫ অক্টোবর ২০২৪; https://www.newagebd.net/post/politics/247780/

[১৭২] হাসিনার মিথ্যাচার বন্ধ করতে ভারতকে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের আহ্বান, ডেইলি স্টার ৭ ফেব্রুয়ারী ২০২৫; https://www.thedailystar.net/news/bangladesh/news/stop-hasina-making-false-remarks-3817666

[১৭৩] দুই জেনারেল এখন মোদির আশ্রয়ে, আমার দেশ ১ অক্টোবর ২০২৫; https://eamardesh.com/2025-10-01

[১৭৪] ভারতে আওয়ামী আস্তানা উদঘাটন, আমার দেশ ২৯ সেপ্টেম্বর ২০২৫; https://eamardesh.com/2025-09-29

[১৭৫] আরাকান আর্মির হামলায় নাফ নদে শত শত রোহিঙ্গা নিহত, সমকাল ৩ সেপ্টেম্বর ২০২৫; https://samakal.com/bangladesh/article/313831/

[১৭৬] জটিল হয়ে গেছে রোহিঙ্গা সংকট, প্রথম আলো ২৫ অগাস্ট ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/xpciea96u5

## ছ. সুপারিশসমূহ:

১. আর্ন্তজাতিক অপরাধ ট্রাইব্যুনালের বিচার কার্যক্রমকে স্বচ্ছ এবং পক্ষপাতহীন করার নিশ্চয়তা বিধান করতে হবে। ভিক্টিম, ক্ষতিগ্রস্ত পক্ষ এবং স্বজন হারাদের ন্যায় বিচার ও ক্ষতিপূরণ নিশ্চিত করে তাঁদের সম্মান সুপ্রতিষ্ঠিত করতে হবে।

২. বিচারবহির্ভূত হত্যাকাণ্ড, নির্যাতন এবং অমানবিক ঘটনাগুলোর সঙ্গে জড়িত আইন প্রয়োগকারী সংস্থাগুলোর সংশ্লিষ্ট সদস্যদের বিচারের আওতায় আনতে হবে। র‍্যাবকে বিলুপ্ত করতে হবে।

৩. নির্যাতন ও হেফাজতে মৃত্যু (নিবারণ) আইন, ২০১৩ এর প্রয়োগ নিশ্চিত করতে হবে। ২০০৩ সালে সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ এবং এরপর আপিল বিভাগ কর্তৃক  ব্লাস্ট বনাম বাংলাদেশ মামলায় রিমান্ডে নিয়ে নির্যাতন বন্ধের বিষয়ে যে নির্দেশনা দেয়া হয়েছিল, তার বাস্তবায়ন করতে হবে। বাংলাদেশ অপক্যাট অনুস্বাক্ষর করায় কারাবন্দী এবং আটককৃতদের সুরক্ষার জন্য সরকারকে জাতীয় প্রতিরক্ষামূলক (মেকানিজম) ব্যবস্থা প্রতিষ্ঠা করতে হবে।

৪. গুমের বিরুদ্ধে সুনির্দিষ্ট আইন প্রণয়ন করতে হবে। গুমের সঙ্গে জড়িত ব্যক্তিদের বিচারের সম্মুখীন করতে হবে। ক্ষতিগ্রস্ত পরিবারগুলোকে ক্ষতিপূরণ দিতে হবে এবং তাঁদের যথাযথ পুনর্বাসন করতে হবে এবং যাঁরা ফিরে আসেননি, তাঁদের ভাগ্যে কী ঘটেছে, রাষ্ট্রকে তা জানাতে হবে।

৫. রাজনৈতিক দলগুলোর নেতা-কর্মীদের রাজনৈতিক সহিংসতা ও দুর্বৃত্তায়ন বন্ধ করে গণতান্ত্রিক পথে দেশকে এগিয়ে নিতে সচেষ্ট থাকতে হবে।

৬. কারা কর্মকর্তাদের অনিয়ম-অবহেলা-দুর্নীতির অভিযোগ তদন্ত করে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং কারাবন্দীদের ওপর নির্যাতন-নিপীড়নসহ সমস্ত ধরনের মানবাধিকার লঙ্ঘন বন্ধ করতে হবে এবং অসুস্থ বন্দীদের যথাযথ চিকিৎসা নিশ্চিত করতে হবে।

৭. সর্বস্তরে  মতপ্রকাশ ও গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করতে হবে। সাংবাদিকদের বিরুদ্ধে দায়ের করা সমস্ত হয়রানিমূলক মামলা প্রত্যাহার করতে হবে এবং তাঁদের ওপর হামলার ঘটনাগুলোর সুষ্ঠু তদন্ত সাপেক্ষে দোষী ব্যক্তিদের বিচারের সম্মুখীন করতে হবে।

৮. বিশেষ ক্ষমতা আইন, ১৯৭৪ এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ সহ সমস্ত নির্বতনমূলক আইন বাতিল করতে হবে। জাতীয় নিরাপত্তা ব্যবস্থা যাতে নাগরিক স্বাধীনতা, মতপ্রকাশের স্বাধীনতা এবং গণতান্ত্রিক অংশগ্রহণকে দুর্বল না করে সেইজন্য তা নিশ্চিত করতে আইনী সংস্কার আনতে হবে।

৯. কার্যকর বিচার নিশ্চিত করার জন্য ভুক্তভোগী ও সাক্ষী সুরক্ষা আইন প্রণয়ন করতে হবে। একই সঙ্গে, মানবাধিকারকর্মীদের সুরক্ষার জন্যও একটি আইন প্রণয়ন করতে হবে, যাতে মানবাধিকারকর্মীরা সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে নিরাপদে তাদের কাজ অব্যাহত রাখতে পারেন।

১০. বিদেশী অনুদান (স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম ) নিয়ন্ত্রন আইন ২০১৬ মানবাধিকার কর্মীদের কর্মকাণ্ডকে বাধাগ্রস্ত করছে। এই আইনের পরিবর্তন করতে হবে।

১১. নারী ও শিশুদের প্রতি সহিংসতা বন্ধে দ্রুততার সঙ্গে অপরাধীদের বিচার করে শাস্তি দিতে হবে। ধর্ষণকারীসহ নারীদের ওপর সহিংসতাকারীদের বিষয়ে সালিশ করা বন্ধ করতে হবে এবং নারীর বিচার প্রাপ্তির লক্ষ্যে পুলিশকে সঠিকভাবে তদন্ত করে অভিযুক্তদের গ্রেফতার করে বিচারের সম্মুখীন করতে হবে। আদালতের মাধ্যমে নির্ধারিত যৌন হয়রানির সংজ্ঞা আইনে প্রতিফলিত হতে হবে। সিডোর রিজারভেশন তুলে দিতে হবে।

১২. সীমান্তে বাংলাদেশী নাগরিকদের ভারতীয় বিএসএফ কর্তৃক হত্যা, নির্যাতনসহ সব ধরণের মানবাধিকার লঙ্ঘন বন্ধ করতে হবে। ভারত সরকার কর্তৃক অবৈধ পুশ-ইন বন্ধ করতে হবে এবং যথাযথ কূটনৈতিক প্রক্রিয়ার মাধ্যমে ভারতে অবৈধভাবে অবস্থানরত বাংলাদেশী নাগরিকদের ফিরিয়ে আনার ব্যবস্থা করতে হবে। বাংলাদেশের প্রতি ভারতের আধিপত্য এবং আগ্রাসী আচরণ বন্ধ করতে হবে।